দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

অতঃপর যখন তাকে প্রসব করলো বলল, হে আমার পালনকর্তা! আমি একে কন্যা প্রসব করেছি। বস্তুতঃ কি সে প্রসব করেছে আল্লাহ তা ভালই জানেন।

সূরা আল ইমরান ৩৬

বরিশাল ॥ বুধবার ॥ ২২ এপ্রিল ২০২৬ ॥ ০৩ জিলক্বদ ১৪৪৭ ॥ ০৯ বৈশাখ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৩০ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

বর্তমানে বাংলাদেশে বিদেশি ঋণের পরিমাণ ৭৮ বিলিয়ন ডলারের বেশি

কীর্তনখোলা ডেস্ক

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, চলতি বছরের ফেব্রুয়ারি পর্যন্ত হিসাব অনুযায়ী বাংলাদেশ সরকারের ২ এর পাতায় দেখুন

পরীক্ষা সুন্দর হয়েছে, নকল-প্রশ্নফাঁসের ঘটনা ঘটেনি: শিক্ষামন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

এসএসসি ও সমমানের প্রথমদিনের পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে এবং নকল-অনিয়মের তেমন ঘটনা ২ এর পাতায় দেখুন

সরকার ভুল করলে বিরোধী দলের সঙ্গে সোচ্চার থাকবে নারী এমপিরা : জামায়াত

কীর্তনখোলা ডেস্ক

নির্বাচন কমিশন সচিবালয়ে জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের পক্ষ থেকে সংরক্ষিত নারী আসনে ১৩ জন ২ এর পাতায় দেখুন

সরকারের সঙ্গে কি এস আলম গ্রুপের সমঝোতা হয়েছে: হাসনাত

কীর্তনখোলা ডেস্ক

সরকারের সঙ্গে দেশের প্রভাবশালী শিল্পগোষ্ঠী এস আলম গ্রুপের কোনো ধরনের সমঝোতা হয়েছে কি না, সংসদে ২ এর পাতায় দেখুন

বরিশাল বোর্ডে এসএসসি'র প্রথম দিনে অনুপস্থিত ৯১১ জন

বরিশাল সদর গার্লস স্কুলে বিদ্যুতবিহীন পরীক্ষা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে মঙ্গলবার (২১ এপ্রিল) বিদ্যুৎবিহীন অবস্থায় উত্তপ্ত পরিবেশে আধাঘণ্টা এসএসসি পরীক্ষা দিয়েছে ৬৪৬ জন পরীক্ষার্থী। সকাল ১০টায় পরীক্ষা শুরু হওয়ার পর বিষয়টি জানাজানি হলে পুনরায় বিদ্যুৎ ব্যবস্থা সচল হয় এ পরীক্ষা কেন্দ্রে। এতে পরীক্ষা দিতে এসেও চরম দুর্ভোগে পড়েন কেন্দ্রের ৬৪৬ জন পরীক্ষার্থী। এ ঘটনায় স্কুল কর্তৃপক্ষ জানিয়েছে- সোমবার দিনগত গভীররাতে বৈদ্যুতিক তার চুরি হওয়ার কারণে এ সংকট দেখা দিয়েছিল। তথ্যমতে, পরীক্ষা শুরু হলেও বিদ্যুৎ না থাকায় পরীক্ষার্থীদের অভিভাবকরা ক্ষুব্ধ হন। এ সময় কেন্দ্র পরিদর্শনে আসলে বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. ইউনুস আলী সিদ্দিকীকে বিষয়টি জানায় তারা। অভিভাবকদের অভিযোগ, প্রতিদিন বেশ কয়েকবার লোডশেডিং হওয়ার ফলে পড়াশোনায় নানা ধরণের ভোগান্তি পোহাতে হয়েছে শিক্ষার্থীদের। এর মধ্যে কেন্দ্রে বিদ্যুৎ না থাকাটা দুঃখজনক। এতে পরীক্ষায় প্রভাব পড়তে পারে বলেও আশঙ্কার কথা জানান তারা। বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. ইউনুস আলী সিদ্দীকি বলেন, এ কেন্দ্রসহ দুটি কেন্দ্রের বৈদ্যুতিক তার চুরি হয়ে গেছে। বিষয়টি জানার পর আমি বিদ্যুৎ বিভাগের সঙ্গে কথা বলে আধাঘণ্টার মধ্যে বিদ্যুৎ ব্যবস্থা সচল করেছি। তারপর আবার কেন্দ্র পরিদর্শনে গিয়ে বিদ্যুৎ সচল দেখেছি। এদিকে বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে অধীনে ২০২৬ সালের এসএসসি ও সমমান পরীক্ষার প্রথমদিনে বাংলা প্রথমপত্রে ৯১১ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। তবে অসদুপায় অবলম্বনের দায়ে কোনো পরীক্ষার্থী বহিষ্কারের তথ্য পাওয়া যায়নি। মঙ্গলবার পরীক্ষা শেষে বরিশাল শিক্ষা বোর্ড সূত্রে এ তথ্য জানা গেছে। বরিশাল শিক্ষা বোর্ডের প্রকাশিত পরিসংখ্যান অনুযায়ী, বাংলা ২ এর পাতায় দেখুন



হাম ও হামের উপসর্গ নিয়ে আরও তিনজনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

সারাদেশে নতুন করে হাম ও হামের উপসর্গ নিয়ে আরও তিনজনের মৃত্যু হয়েছে। মঙ্গলবার (২১ এপ্রিল) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৩৮ জনের মৃত্যু হলো। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ১৮৫ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে তিন হাজার ৮০৫ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ২৫ হাজার ২ এর পাতায় দেখুন

এসএসসির প্রথম দিনে অনুপস্থিত ২৫ হাজার ৪০৮, বহিষ্কার ৭

কীর্তনখোলা ডেস্ক

এসএসসি ও সমমান পরীক্ষার প্রথম দিনে দেশের ১১টি শিক্ষা বোর্ডের অধীনে সারাদেশে ছয়জন পরীক্ষার্থী এবং একজন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে। এদিন সব বোর্ড মিলিয়ে অনুপস্থিত ছিল ২৫ হাজার ৪০৮ জন। মঙ্গলবার (২১ এপ্রিল) বিকেলে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি এ তথ্য জানিয়েছে। প্রকাশিত তথ্যমতে, ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে বাংলা ২ এর পাতায় দেখুন

গৌরনদীতে বিএনপি নেতার অফিসে

হামলা-ভাঙচুরের অভিযোগ ছাত্র ও যুবদল নেতাকর্মীদের বিরুদ্ধে

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী উপজেলায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএপি নেতার অফিসে হামলা চালিয়ে চেয়ার ও তথ্যমন্ত্রীর ব্যানার ভাঙচুরসহ মারধরের অভিযোগ ওঠেছে ছাত্রদল ও যুবদল নেতাকর্মীদের বিরুদ্ধে। সোমবার (২০ এপ্রিল) রাত সন্ধ্যা সাড়ে ৭টার দিকে উপজেলার বার্থী ইউনিয়ন বিএনপির আহ্বায়ক মিজানুর রহমান মিন্টুর অফিসে এ ঘটনা ঘটে। মিজানুর রহমান অভিযোগ করে বলেন, আমি মাদক বিক্রির বিষয়ে প্রতিবাদ করেছিলাম। এতে স্থানীয় কয়েকজন মাদক বিক্রেতা আমার ওপর ক্ষুব্ধ। এরই জেরে সোমবার সন্ধ্যার পর ঢাকা কোতায়ালী থানা ছাত্রদলের সদস্য রাকিব হাসান আলভী, বার্থী ইউনিয়ন যুবদলের নেতা জুয়েল হাওলাদার, মনির ফকির, শহিদুল ফকির, বার্থী ইউনিয়ন ছাত্রদলের সহসভাপতি অভি কাজীসহ আরও ১০/১২ জন আমার অফিসে হামলা চালায়। এসময় তারা অফিসের চেয়ার ভাঙচুর করে পানিতে ফেলে দেয় এবং ২ এর পাতায় দেখুন

তালতলীতে ভুয়া চিকিৎসককে এক মাসের কারাদণ্ড

তালতলী প্রতিনিধি

বরগুনার তালতলী উপজেলাতে ভুয়া পরিচয়ে দীর্ঘদিন ধরে চিকিৎসা দেওয়ার অভিযোগে আমির হোসেন খান নামের এক ব্যক্তিকে এক মাসের কারাদণ্ড দিয়েছেন আদালত। পাশাপশি ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। মঙ্গলবার দুপুরে উপজেলার নিশানবাড়িয়া ইউনিয়নের বড় অঙ্কুজান পাড়া এলাকায় অভিযান চালিয়ে এই দণ্ডাদেশ দেন উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ জাহিদুল ইসলাম। স্থানীয় সূত্রে জানা যায়, আমির হোসেন খানের উপজেলার নিশানবাড়িয়া ইউনিয়নের বড় অঙ্কুজান পাড়া এলাকায় তাপবিদ্যুৎ কেন্দ্রের সামনে 'আল-আমিন ফার্মেসি' নামে একটি দোকান রয়েছে। সেখানে ২ এর পাতায় দেখুন

ববিতে বন্ধ ক্লাস-পরীক্ষা

শিক্ষকদের পদোন্নতির জটিলতা নিরসনের দাবিতে কর্মবিরতি

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের পদোন্নতিসংক্রান্ত জটিলতা নিরসনের দাবিতে কর্মবিরতি পালন করছেন শিক্ষকেরা। এতে মঙ্গলবার সকাল থেকে বিশ্ববিদ্যালয়ের সব বিভাগের পাঠদান বন্ধ আছে। বিশ্ববিদ্যালয়ের ৬০ জন শিক্ষকের পদোন্নতি আটকে থাকায় সোমবার সন্ধ্যায় এক সভায় এ কর্মসূচির ঘোষণা দেন শিক্ষকেরা। তাঁদের এ দাবির পক্ষে ১০২ জন শিক্ষক সংহতি প্রকাশ করেন। তাঁরা বলেন, আজকের কর্মসূচির পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদোন্নতির ব্যাপারে কোনো উদ্যোগ না নিলে আগামীকাল বুধবার পূর্ণাঙ্গ একাডেমিক শাটডাউন কর্মসূচি শুরু করা হবে। এর আগে গত রোববার সন্ধ্যায় একই দাবিতে উপাচার্যের কার্যালয়ের সামনে আমরণ অনশন শুরু করেন বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা ও পরিবেশবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক জামাল উদ্দিন। ২৩ ঘণ্টা পর বিকেলে অসুস্থ হয়ে পড়লে তাঁকে হাসপাতালে নিয়ে চিকিৎসা দেওয়া হয়। শিক্ষকদের কর্মবিরতির কারণে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম আজ থমকে গেছে। শিক্ষকেরা বিশ্ববিদ্যালয়ে অবস্থান করলেও তাঁরা পাঠদানে বিরত আছেন। বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের সহযোগী অধ্যাপক মো. আবদুল কাইউম বলেন ২ এর পাতায় দেখুন

বিশ্ববাজারে কমলো জ্বালানি তেলের দাম

কীর্তনখোলা ডেস্ক

পাকিস্তানে যুক্তরাষ্ট্র-ইরানের সম্ভাব্য শান্তি আলোচনার খবরে বিশ্ববাজারে কমেছে জ্বালানি তেলের দাম। মঙ্গলবার (২১ এপ্রিল) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে মার্কিন সংবাদমাধ্যম রয়টার্স। এর আগে সোমবার (২০ এপ্রিল) আলোচনা নিয়ে অনিশ্চয়তা তৈরি হওয়ায় তেলের দাম প্রায় ৬ শতাংশ বেড়ে গিয়েছিল। তবে মঙ্গলবার বিশ্ববাজারে ব্রেন্ট ক্রুডের দাম ব্যারেলপ্রতি ৫৪ সেন্ট বা শূন্য দশমিক ৬ শতাংশ কমে ৯৪ দশমিক ২ এর পাতায় দেখুন

জেলা পুষ্টি সমন্বয় কমিটির সভায় বক্তৃতা করছেন বরিশাল জেলা প্রশাসক খায়রুল আলম সুমন-**কীর্তনখোলা**

ডোপ টেস্টে ধরা তিন পুলিশ, আটকে রাখা হলো এসপি কার্যালয়ে

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল জেলা পুলিশের তিন সদস্যের ডোপ টেস্টের ফল পজিটিভ হয়েছে। এ নিয়ে বরিশালের পুরো পুলিশে বিভাগে তোলপাড় চলছে। জানা গেছে, পুলিশ বিভাগকে মাদকমুক্ত রাখতে বরিশাল জেলা পুলিশের সবার ডোপ টেস্ট কার্যক্রম শুরু করেছে। এরই ধারাবাহিকতায় গত তিন দিন আগে জেলার উজিরপুর থানা পুলিশের সবার ডোপ টেস্ট করানো হয়। এতে তিন কনস্টেবলের ডোপ টেস্টে রিপোর্ট পজিটিভ আসে। পরে তাদের জেলা পুলিশ সুপারের কার্যালয়ে আটকে রাখা হয়। নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক পুলিশ সদস্য বলেন, জেলা পুলিশের সবার ডোপ টেস্ট কার্যক্রম চলমান আছে। পর্যায়ক্রমে জেলার ২ এর পাতায় দেখুন



বরিশালে হামের উপসর্গে আরও এক শিশুর মৃত্যু

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে নতুন করে হামের উপসর্গ নিয়ে আরও এক শিশুর মৃত্যু হয়েছে। সোমবার বিকালে বরিশাল শেরে-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ওই শিশুর মৃত্যু হয়। মারা যাওয়া চার মাস বয়সী শিশু ইয়ামিন পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলার বাসিন্দা বলে মঙ্গলবার বরিশাল বিভাগীয় স্বাস্থ্য দপ্তরের পরিচালক ডা. শ্যামল কৃষ্ণ মণ্ডল জানিয়েছেন। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য দপ্তরের দেওয়া তথ্য অনুযায়ী, এ পর্যন্ত ২০ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে হামের উপসর্গ নিয়ে ১৭ শিশুর মৃত্যু হয়েছে। আক্রান্ত হয়ে মারা গেছে তিন শিশু। এছাড়াও গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গের ১০০ রোগী পাওয়া গেছে। এর মধ্যে ৯০ জনকে বরিশাল বিভাগের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছে। গত ১ জানুয়ারি থেকে বরিশাল বিভাগের হামের সন্দেহজনক রোগী পাওয়া গেছে দুই হাজার ১১৭ জন। এর মধ্যে ১ হাজার ৮৩৯ জন হাসপাতালে ভর্তি হয়েছে। ৮৪ জনের ২ এর পাতায় দেখুন

ইজিবাইকের চাকায় ওড়না পেঁচিয়ে বৃদ্ধার মৃত্যু

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী উপজেলায় ইজিবাইকের চাকায় ওড়না পেঁচিয়ে এক বৃদ্ধা নিহত হয়েছেন; যিনি চিকিৎসার জন্য হাসপাতালে যাচ্ছিলেন। মঙ্গলবার বেলা ১২টার দিকে বরিশাল-ঢাকা মহাসড়কে উপজেলার বাটাজোর এলাকায় এ ঘটনা ঘটে বলে জানিয়েছেন উজিরপুর মডেল থানার ওসি মো. ফারুক। নিহত জাহানারা বেগম (৬৫) বাবুগঞ্জ উপজেলার রহমতপুর ইউনিয়নের ওলানকাঠী গ্রামে প্রয়াত রব হাওলাদারের স্ত্রী। জাহানারার দেবর কামাল হাওলাদার বলেন, "চিকিৎসার জন্য ভাবিকে নিয়ে ইজিবাইকে করে বাটাজোর এলাকার সুইস হাসপাতালে যাচ্ছিলাম, সঙ্গে আমার স্ত্রীও ছিল। পথে ভাবির গলার ওড়না ইজিবাইকের চাকায় পেঁচিয়ে যায়। "এতে গলায় ফাঁস লেগে তিনি গুরুতর আহত হন। তাকে দ্রুত উজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎক মৃত ২ এর পাতায় দেখুন

এমপি আমির হামজার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

কীর্তনখোলা ডেস্ক

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকুকে 'আপাদমস্তক নাস্তিক ও ইসলামবিদ্বেষী' বলে মন্তব্য করায় কুষ্টিয়া-৩ (সদর) আসনের এমপি ও ইসলামি বক্তা আমির হামজার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন সিরাজগঞ্জ আদালত। মঙ্গলবার (২১ এপ্রিল) দুপুর পৌনে ১২টার দিকে ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলাঃ** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

কার্যকর পদক্ষেপ নিন

সরকারের দাবি, দেশের ইতিহাসে জ্বালানি তেলের সর্বোচ্চ মজুদ রয়েছে। গত বছরের সমপরিমাণই তেল সরবরাহ করা হচ্ছে, অথচ পেট্রল পাম্পগুলোতে তেলের জন্য অপেক্ষমাণ যানবাহনের সারি কেবলই দীর্ঘ হচ্ছে। কোথাও কোথাও ১২ ঘণ্টা লাইনে দাঁড়িয়ে তেল নেওয়ার অভিজ্ঞতার কথাও জানা যাচ্ছে। এমনকি তেলের অভাবে জরুরি সেবার যানবাহনের চলাচলও বিঘ্নিত হচ্ছে। পণ্য পরিবহন ব্যাহত হচ্ছে। অনেক স্থানে পাম্প কর্মচারীদের সঙ্গে ক্ষুব্ধ গ্রাহকদের হাতাহাতি এবং পাম্পে ভাঙচুরের ঘটনাও ঘটছে। তাহলে এত বিপুল পরিমাণ তেল যাচ্ছে কোথায়? বিশেষজ্ঞরা মনে করেন, সংকটের মূলে রয়েছে তেল সরবরাহ বিঘ্নিত হওয়ার কিংবা তেল না পাওয়ার ভয় বা আতঙ্ক। ফলে প্যানিক বায়িং বা আতঙ্কজনিত ক্রয় বেড়ে গেছে। অনেকে প্রয়োজনের অতিরিক্ত তেল কিনে ভবিষ্যতের জন্য মজুদ করছেন। আবার মজুদদারি এবং বেশি দামে কালোবাজারে বিক্রির জন্যও তেলের চাহিদা অনেক বেড়ে গেছে। সেই সঙ্গে রয়েছে পার্শ্ববর্তী দেশগুলোতে জ্বালানি তেল চোরাচালান বা পাচার হয়ে যাওয়া। বিশেষজ্ঞরা মনে করেন, সরবরাহ ও বিক্রয় ব্যবস্থাপনা উন্নত করা প্রয়োজন। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) কর্মকর্তারা জানান, দেশে বর্তমানে পর্যাপ্ত জ্বালানি তেলের মজুদ রয়েছে। গত বছরের সমপরিমাণ তেল সরবরাহ করা সত্ত্বেও পাম্পগুলো থেকে অতিরিক্ত ৩০ শতাংশ চাহিদা দেওয়া হচ্ছে। বিপিসি জানায়, চাহিদার সঙ্গে সমন্বয় করার লক্ষ্যে আজ রবিবার থেকে অকটেনের সরবরাহ ২৫ শতাংশ বাড়ানোর চিন্তা রয়েছে। প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, সরবরাহ স্বাভাবিক থাকার দাবি করা হলেও বাস্তবে বেশির ভাগ এলাকার পাম্পে তেল পাওয়া যাচ্ছে না। কোথাও পাম্প পুরোপুরি বন্ধ, কোথাও বা সীমিত পরিসরে বিক্রি চলছে। ফলে সাধারণ মানুষকে ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থেকেও তেল না পেয়ে ফিরে যেতে হচ্ছে। বিভাগগুলো থেকেও প্রায় একই রকম চিত্র পাওয়া যাচ্ছে। গত শুক্রবার চট্টগ্রাম মহানগরে ৬২টি পেট্রল পাম্পের মধ্যে প্রায় ৪০ শতাংশ বন্ধ ছিল। পাম্প মালিকরা জানান, সপ্তাহে মাত্র এক দিন জ্বালানি সরবরাহ পাওয়া যাচ্ছে। সেই তেলও কয়েক ঘণ্টার মধ্যে শেষ হয়ে যাওয়ায় বেশির ভাগ সময় পাম্প বন্ধ রাখতে হচ্ছে। বাংলাদেশ পেট্রল পাম্প ওনার্স অ্যাসোসিয়েশনের (একাংশ) সভাপতি নাজমুল হক বলেন, 'তেলসংকট ঢাকার বাইরেই বেশি। ঢাকার মধ্যেও পাম্প বন্ধ থাকছে। ঢাকার বাইরের অনেক পাম্পে ১৫ দিনে একবার তেল দেওয়া হচ্ছে। প্রায় ৪০ শতাংশ পাম্পে মাসে ১৫ থেকে ২০ দিনে একবার তেল দেওয়া হচ্ছে। রাজধানীতেও ৬০ শতাংশ পাম্পে তেল দেওয়া হচ্ছে, তা-ও গত বছর যা দিয়েছে, সেই হারে দেওয়া হচ্ছে। গত বছরের গাড়ির সংখ্যা আর এই বছরের গাড়ির সংখ্যা তো এক নয়।' চাহিদামাফিক তেল না পেয়ে গ্রাহকদের দুর্ভোগ বাড়ছে। কয়েক ঘণ্টা লাইনে দাঁড়িয়ে তেল না পেয়ে অনেকেই মেজাজ হারাচ্ছেন। ঝগড়াঝাঁটি নৈমিত্তিক ঘটনায় পরিণত হয়েছে। গতকালের পত্রিকায়ও খবর রয়েছে, নাটোরের বড়াইগ্রামে তেল সরবরাহে দেরি হওয়াকে কেন্দ্র করে একটি ফিলিং স্টেশন ভাঙচুর করা হয়েছে। মধ্যপ্রাচ্য যুদ্ধের অবসান এবং জ্বালানি তেলের স্বাভাবিক সরবরাহের বিষয়টি এখনো অনিশ্চিত। তা সত্ত্বেও দেশের পরিবহনব্যবস্থাকে সচল রাখা অত্যন্ত জরুরি। তা না হলে বাজার অস্বাভাবিক হবে। মানুষের দুর্ভোগ বাড়বে। বিকল্প উৎস থেকে তেল আমদানি বাড়ানোর পাশাপাশি মজুদদারি ও চোরাচালানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে।

সরকারের সঙ্গে কি এস

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর উদ্দেশে এমন প্রশ্ন ছুড়ে দিয়েছেন কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহ। মঙ্গলবার (২১ এপ্রিল) বিকেলে জাতীয় সংসদ অধিবেশনে অর্থমন্ত্রীর উদ্দেশ্য তিনি এ প্রশ্ন রাখেন। হাসনাত আবদুল্লাহ বলেন, ঋণ পরিশোধ না করে এস আলম গ্রুপকে পুনরায় পুনর্বহাল করা হচ্ছে। সরকারের সঙ্গে কি এস আলম গ্রুপের সমঝোতা হয়েছে? অর্থমন্ত্রীকে উদ্দেশ্য করে তিনি আরও বলেন, ইসলামী ব্যাংক ৯২ হাজার ১১৫ কোটি টাকা ঋণের ধারক। এরমধ্যে এস আলম গ্রুপ ৮০ হাজার কোটি টাকা ঋণখেলাপি। জনতা ব্যাংক থেকে বেক্সিমকো গ্রুপ ২৫ হাজার কোটি টাকা ঋণখেলাপি। খেলাপি ঋণ পুনরুদ্ধারে সরকারের কোনো পরিকল্পনা আছে কি না, সংসদে সে প্রশ্নও রাখেন হাসনাত আব্দুল্লাহ।

সরকার ভুল করলে বিরোধী

প্রার্থীর মনোনয়নপত্র জমা দিয়েছে। মনোনয়ন জমা শেষে জামায়াত ইসলামী জানায়, সরকার ভুল করলে বিরোধী দলের সঙ্গে সোচ্চার থাকবে নারী সংসদ সদস্যরা। মঙ্গলবার (২১ এপ্রিল) রিটার্নিং কর্মকর্তার কাছে মনোনয়নপত্র জমা শেষে জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ গণমাধ্যমের সামনে জোটের ভবিষ্যৎ সংসদীয় ভূমিকা ও রাজনৈতিক অবস্থান তুলে ধরেন। তিনি বলেন, যদি সরকার ভুল পথে পরিচালিত হয় কিংবা কোনো অন্যায় ও জনবিরোধী সিদ্ধান্ত নেয়, তবে অন্যান্য বিরোধীদলীয় সদস্যদের মতো তাদের নারী সদস্যরাও সংসদে সোচ্চার ভূমিকা পালন করবেন। সংসদের অপরাপর বিরোধী দলের ৭৭ জন সদস্যের সঙ্গে তাদের এই ১৩ জন যুক্ত হয়ে মোট ৯০ জন সদস্য একসঙ্গে জনগণের পক্ষে কাজ করবেন। হামিদুর রহমান আযাদ বলেন, আমাদের জোটের জমা দেওয়া তালিকার বিপরীতে কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থী না থাকায় এই ১৩ জন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হবেন। যেহেতু সরাসরি নির্বাচন শেষ হতে যাচ্ছে এবং পার্লামেন্ট চলছে, তাই দ্রুততম সময়ে নারী প্রতিনিধিদের শপথ গ্রহণ ও সংসদে যোগদান জরুরি। আমরা বিশ্বাস করি, কমিশন কোনো ভিন্ন পরিস্থিতির অবতারণা না করে সঠিক সময়ে নির্বাচনের ফলাফল ঘোষণা করবে যাতে নারী সদস্যরা সংবিধান প্রদত্ত পূর্ণ ক্ষমতা ও সুযোগ ব্যবহার করে দেশ গঠনে ভূমিকা রাখতে পারেন। সংসদে জোটের ভূমিকা সম্পর্কে তিনি আরও বলেন, জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান শুরুতেই ঘোষণা করেছেন যে সব ন্যায়সম্মত ও জনকল্যাণকর কাজে তারা ইতিবাচক ভূমিকা রাখবেন। জামায়াত নেতৃত্বাধীন এই জোট থেকে যারা মনোনয়ন পেয়েছেন তারা হলেন নূরুন্নিসা সিদ্দীকা, মারজিয়া বেগম, সাবিকুন নাহার মুন্নি, মারদিয়া মমতাজ, নাজমুন নাহার নীলু, মাহফুজা সিদ্দিকা, সাজেদা সামাদ, সামসুন নাহার, মনিরা শারমিন, মাহমুদা আলম মিতু, তাসমিয়া প্রধান, মাহবুবা হাকিম এবং জুলাই শহীদ শিশু জাবির ইব্রাহিমের মা রোকেয়া বেগম।

পরীক্ষা সুন্দর হয়েছে

ঘটেনি বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, আজকের এসএসসি পরীক্ষা সুন্দর হয়েছে। আমি নিজে কয়েকটি কেন্দ্রে গেছি, সিসি ক্যামেরায় দেখেছি। সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা হয়েছে। প্রশ্নপত্র ফাঁসেরও কোনো ঘটনা নেই। আগামীতে এ ধরনের সুযোগ দেওয়া হবে না। মঙ্গলবার (২১ এপ্রিল) দুপুর দেড়টার পর রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এসএসসি পরীক্ষা-পরবর্তী সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। মানিকগঞ্জে পরীক্ষাকেন্দ্র পরিদর্শন প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন, আমি কয়েকটি কেন্দ্রে গিয়েছিলাম, ওই এলাকার জনগণ তারাও এ পরীক্ষায় সহযেগিতার জন্য অংশ নিয়েছেন। পরীক্ষার্থীদের জন্য নিরাপদ পানির ব্যবস্থা রাখা হয়েছে। কেন্দ্রগুলোতে পরীক্ষা সুন্দর হয়েছে। এবারের পরীক্ষা সুন্দর হবে, এটা জাতি আগেই জেনেছে। কারণ আমরা সবাইকে সচেতন করেছি। অনৈতিকপন্থা পরিহার করতে অনুরোধ জানিয়ে এসেছি। পরীক্ষাকেন্দ্রের সিসিটিভি ফুটেজ সংরক্ষণের নির্দেশনার বিষয়ে তিনি বলেন, পরীক্ষার প্রতিটি কেন্দ্রের সিসি ক্যামেরার ফুটেজ সাতদিন সংরক্ষণের নির্দেশ দিয়েছি। প্রয়োজনে সেগুলো আবারও যাচাই করে দেখা হবে। পরীক্ষাকেন্দ্রে বিভিন্ন ভুল সিদ্ধান্ত প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এহছানুল হক মিল বলেন, কেন্দ্রসচিবরা হলেন পরীক্ষার্থীদের অভিভাবক। শিক্ষার্থীদের কোনো ভুল হলে সেটা কীভাবে সামাল দেবেন এটা তাদের জানার কথা এবং জানেনও। শিক্ষকদের এ ধরনের ট্রেনিং আছে।

বর্তমানে বাংলাদেশে বিদেশি

বৈদেশিক ঋণ ৭৮.০৬৭ (আটাত্তর দশমিক শূন্য ছয় সাত) বিলিয়ন মার্কিন ডলার সমপরিমাণ। মঙ্গলবার (২১ এপ্রিল) বিকেলে জাতীয় সংসদের অধিবেশনে ১৮তম দিনের প্রশ্নোত্তরে তিনি এসব তথ্য জানান। ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের সংসদ সদস্য রুমিন ফারহানা প্রশ্ন রেখে বলেন, বর্তমানে বাংলাদেশে বিদেশি ঋণের পরিমাণ কত; উক্ত ঋণ পরিশোধে এই পর্যন্ত কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর থেকে এই পর্যন্ত কোনো ঋণ পরিশোধ করেছে কি না; করলে, তা কী? আমির খসরু বলেন, ফেব্রুয়ারি ২০২৬ মাস পর্যন্ত হিসাব অনুযায়ী বাংলাদেশ সরকারের বৈদেশিক ঋণের স্থিতি ৭৮.০৬৭ (আটাত্তর দশমিক শূন্য ছয় সাত) বিলিয়ন মার্কিন ডলার সমপরিমাণ। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ সরকারের পক্ষে বৈদেশিক ঋণ পরিশোধ করে থাকে। প্রতি অর্থবছর বৈদেশিক ঋণ পরিশোধের জন্য ঋণের আসল ও সুদ বাবদ সম্ভাব্য মোট ব্যয় কত হতে পারে তার একটি প্রক্ষেপণ তৈরি করা হয় এবং সে পরিমাণ অর্থ ঋণ পরিশোধ বাবদ বাজেটে সংস্থান রাখা হয়। বাজেট বরাদ্দ ব্যবহার করেই সারাবছর পরিশোধ সূচি অনুসরণ করে ঋণ পরিশোধ করা হচ্ছে। বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর থেকে এ পর্যন্ত মোট ৯০.৬৬ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ ঋণ পরিশোধ করা হয়েছে।

বরিশালে হামের উপসর্গে

শরীরে হাম শনাক্ত হয়েছে। এখন পর্যন্ত হাসপাতাল থেকে ছাড়পত্র নিয়েছে ১ হাজার ৪৬৮ জন।

এমপি আমির হামজার

সিরাজগঞ্জের চৌহালী আমলি আদালতের বিচারক সুমন ভুঁইয়া এই নির্দেশ দেন। এর আগে ২ এপ্রিল সিরাজগঞ্জ জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট হুমায়ূন কবীর বাদী হয়ে মামলা দায়ের করেন। পরে আদালতের বিচারক সুমন ভুঁইয়া মামলাটি আমলে নিয়ে সমন জারির নির্দেশ দেন। জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক ও মামলার বাদী অ্যাডভোকেট হুমায়ূন কবীর এই তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ একজন সম্ভ্রান্ত মুসলিম পরিবারের সন্তান। তিনি বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত। তিনি তার সংসদীয় আসনে অসংখ্য মসজিদ ও মাদরাসা প্রতিষ্ঠা করেছেন। শুধু তাই নয়, তিনি ইসলামের সমস্ত আদেশ মেনে যথারীতি নামাজ, রোজা, হজ ও যাকাত পালন করে আসছেন। কিন্তু গত ২৭ মার্চ কুষ্টিয়া সদর উপজেলার হাটশ হরিপুর বড় মসজিদে জুমার খুতবার আগে আলোচনায় বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রীর দেওয়া এক বক্তব্যের প্রসঙ্গ টেনে মুফতি আমির হামজা বলেন, বিদ্যুৎ ও জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু একজন নাস্তিক ও আপাদমস্তক ইসলামবিদ্বেষী। পরবর্তীতে তার ওই বক্তব্যের একটি ভিডিও ক্লিপ ছড়িয়ে পড়ে। পরবর্তীতে বিভিন্ন গণমাধ্যমে ভিডিওটি প্রকাশ পেলে আমার নজরে আসে। এতে মন্ত্রীর সম্মানহানি হয়েছে বলে আমি দণ্ডবিধির ২৯৬, ৫০০ ও ৫০৪ ধারায় মানহানির একটি মামলা করেছিলাম। এ মামলায় আজ বিচারক তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন। একই ঘটনায় গত ৩০ মার্চ সিরাজগঞ্জ সদর আমলি আদালতে অ্যাডভোকেট এসএম নাজমুল ইসলাম বাদী হয়ে আমির হামজার বিরুদ্ধে শতকোটি টাকার মানহানির মামলা করেছেন।

ইজিবাইকের চাকায় ওড়না

ঘোষণা করেন।" ওসি ফারুক বলেন, পরিবারের কোনও অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই লাশ হস্তান্তর করা হয়েছে।

ডোপ টেস্টে ধরা তিন পুলিশ

দশ থানার সব পুলিশ সদস্যদের ডোপ টেস্ট করানো হচ্ছে। এরই ধারাবাহিকতায় ১৭ এপ্রিল জেলার উজিরপুর থানার তিনজনকে পুলিশ সুপারের কার্যালয়ে আনা হয়। তাদের ডোপ টেস্টে পজিটিভ এলে পুলিশ সুপারের কার্যালয়ে আটকে রাখা হয়। উজিরপুর থানার পরিদর্শক (তদন্ত) ফারুক হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, জেলা পুলিশ সুপারের কার্যালয়ে তিন পুলিশ সদস্যকে নেওয়া হয়েছে।

বিশ্ববাজারে কমলো

৯৪ ডলারে দাঁড়িয়েছে। এ ছাড়া যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েটের (ডব্লিউটিআই) মে মাসের দর ব্যারেলপ্রতি ১ দশমিক ১১ ডলার বা ১ দশমিক ২ শতাংশ কমে ৮৮ দশমিক ৫০ ডলারে নেমেছে। এদিকে এশিয়ার শেয়ারবাজারেও কিছুটা চাঞ্চল্য ফিরেছে। চলতি সপ্তাহে দুই দেশের মধ্যে আলোচনা শুরু হতে পারে, এমন প্রত্যাশায় বিনিয়োগকারীদের মধ্যেও স্বস্তি ফিরতে শুরু করেছে।

তালতলীতে ভুয়া চিকিৎসককে

নিজেকে এমবিবিএস চিকিৎসক পরিচয়ের সাইনবোর্ড সাঁটিয়ে দীর্ঘদিন চিকিৎসাসেবা দিয়ে আসছিলেন। এমন অভিযোগে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ জাহিদুল ইসলাম অভিযান চালিয়ে কথিত ওই চিকিৎসককে হাতেনাতে আটক করেন। জিজ্ঞাসাবাদে অভিযুক্ত কখনো মেডিকেলে পড়েননি এবং কোনো সনদ নেই বলে স্বীকার করেন। পরে তাকে ২০ হাজার টাকা জরিমানা ও ১ মাসের কারাদণ্ড আদেশ দেন। তালতলী উপজেলা নিবার্হী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ জাহিদুল ইসলাম বলেন, 'বেশ কিছুদিন ধরে একজন ব্যক্তি নিজেকে চিকিৎসক পরিচয় দিয়ে চিকিৎসাসেবা দিয়ে আসছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয়। এ সময় আমির হোসেন স্বীকার করেন যে তার কোনো সনদ নেই। তিনি কোনো দিন মেডিক্যালে পড়ালেখাও করেননি। পরে তাকে ২০ হাজার টাকা জরিমানা ও ১ মাসের কারাদণ্ড দেওয়া হয়।

এসএসসির প্রথম দিনে অনুপস্থিত

প্রথমপত্রে মোট পরীক্ষার্থী ছিল ১১ লাখ ৩৪ হাজার ৮৫৩ জন। পরীক্ষায় অংশ নিয়েছে ১১ লাখ ২২ হাজার ৯৬৩ জন। অনুপস্থিত ১১ হাজার ৮৯০ জন। এদিন দুইজন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে একজন ঢাকা বোর্ডে এবং একজন দিনাজপুর বোর্ডে। অন্যদিকে মাদরাসা বোর্ডের অধীন দাখিলের কোরআন মজিদ ও তাজভিদ পরীক্ষায় অংশ নেওয়ার কথা ছিল ২ লাখ ৫৪ হাজার ৯০৩ জন পরীক্ষার্থীর। তবে অংশ নিয়েছেন ২ লাখ ৪৩ হাজার ৬৯২ জন। এতে অনুপস্থিত ১১ হাজার ২১১ জন। মাদরাসা বোর্ডে সারা দেশে চারজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এসএসসি (ভোকেশনাল) ও এসএসসি (দাখিল) পরীক্ষার প্রথম দিনে বাংলা-২ বিষয়ের পরীক্ষায় ৬৫৩টি কেন্দ্রে পরীক্ষার্থী ছিল ১ লাখ ১৯ হাজার ২৫০ জন। পরীক্ষায় অংশ নিয়েছে ১ লাখ ১৬ হাজার ৯৪৩ জন। অনুপস্থিত ২ হাজার ৩০৭ জন। কারিগরি বোর্ডে কোনো শিক্ষার্থী বহিষ্কার হয়নি; তবে একজন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে। সাধারণ ৯টি শিক্ষা বোর্ডে গড় অনুপস্থিতি ১ দশমিক ০৫ শতাংশ। এর মধ্যে সবচেয়ে বেশি অনুপস্থিতি বরিশাল বোর্ডে ১ দশমিক ৩৯ শতাংশ। সবচেয়ে কম অনুপস্থিতি দিনাজপুর বোর্ডে। অন্যদিকে মাদরাসা বোর্ডে গড় অনুপস্থিতি ৪ দশমিক ৪০ শতাংশ এবং কারিগরি বোর্ডে ১ দশমিক ৯৩ শতাংশ।

হাম ও হামের উপসর্গ

৯৩৫ জন। এ পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছে ১৭ হাজার ৮৫ জন এবং হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ১৪ হাজার ১০৬ জন।

বরিশাল সদর গার্লস স্কুলে

প্রথমপত্র পরীক্ষায় ৬৫ হাজার ৪৪৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৪ হাজার ৫৩৪ জন অংশ নেন। এদিন ভোলা জেলায় ২২০, বরগুনায় ৯৮, পটুয়াখালীতে ১৭০, পিরোজপুরে ১০৫, ঝালকাঠিতে ৭৩ ও বরিশালে ২৪৫ জন অনুপস্থিত ছিলেন। এ বছর বরিশাল শিক্ষা বোর্ডের অধীন বিভাগের ছয় জেলায় এ বছর এসএসসি পরীক্ষায় ২১৬টি কেন্দ্রে ১ হাজার ৫১৫ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৮১ হাজার ৮৩১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করার কথা ছিল। এর মধ্যে ছাত্র ৩৭ হাজার ৯৪৪ জন এবং ৪৩ হাজার ৮৮৭ জন ছাত্রী। বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ইউনুস আলী সিদ্দিকী জানান, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা হয়েছে। কোথাও কোনো অপ্রীতিকর ঘটনার তথ্য পাওয়া যায়নি।

শিক্ষকদের পদোন্নতির জটিলতা

'আমরা দীর্ঘদিন ধরে পদোন্নতিবঞ্চিত। বারবার উপাচার্যের দ্বারস্থ হয়ে কোনো সমাধান পাইনি। ফলে আমাদের আন্দোলন ছাড়া বিকল্প কোনো উপায় ছিল না।' নাম প্রকাশ না করার শর্তে বিভিন্ন বিভাগের অন্তত চারজন শিক্ষার্থী জানান, একাডেমিক কার্যক্রম ও পরীক্ষা যাতে বিঘ্নিত না হয়, এ জন্য শিক্ষকদের দাবির প্রতি বিশ্ববিদ্যালয় প্রশাসনের সহানুভূতিশীল হওয়া প্রয়োজন। তা না হলে শিক্ষার্থীরা ভোগান্তিতে পড়বে। শিক্ষকেরা জানান, বরিশাল বিশ্ববিদ্যালয়ে এত দিন ধরে একাডেমিক কার্যক্রম, ভর্তি, পরীক্ষা, ডিগ্রি প্রদান এবং শিক্ষক-কর্মকর্তাদের পদোন্নতিসংক্রান্ত সব কার্যক্রম একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটের অনুমোদনের ভিত্তিতে পরিচালিত হয়ে আসছিল। কিন্তু সম্প্রতি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) কর্তৃক জারি করা একটি নির্দেশনা বিশ্ববিদ্যালয়টির সামগ্রিক কার্যক্রমে গভীর অনিশ্চয়তা সৃষ্টি করেছে। ইউজিসির ওই নির্দেশনায় বলা হয়েছে, বিশ্ববিদ্যালয় আইনের আওতায় চাকরি, পেনশন, পদোন্নতি ও অন্যান্য বিধিবিধান সংশোধন ও প্রণয়ন করে যথাযথ কর্তৃপক্ষ, অর্থাৎ রাষ্ট্রপতির অনুমোদন নিতে হবে। পরবর্তী সময়ে অনুমোদিত সংবিধির ভিত্তিতেই পদোন্নতি কার্যকর করা হবে। পদোন্নতিপ্রত্যাশী শিক্ষকেরা বলছেন, এই নির্দেশনার ফলে একটি গুরুতর আইনি জটিলতা তৈরি হয়েছে। কারণ, বিশ্ববিদ্যালয় আইনের ৩৫ ও ৩৭ ধারায় উল্লিখিত একাধিক গুরুত্বপূর্ণ বিষয়ের জন্য উপাচার্যের অনুমোদিত সংবিধি ও বিধি থাকার কথা থাকলেও বাস্তবে এমন অনুমোদিত কাঠামো বর্তমানে বিদ্যমান নেই। ফলে শুধু পদোন্নতি নয়, বরং ভর্তি ও পরীক্ষা কার্যক্রম সবকিছুরই আইনগত বৈধতা নিয়ে প্রশ্নের মুখে পড়ার আশঙ্কা আছে। এ পরিস্থিতিতে শিক্ষকেরা ঘোষণা দিয়েছেন, সমস্যার সমাধান না হওয়া পর্যন্ত তাঁরা 'বিধি-সংবিধিহীন' কোনো একাডেমিক কার্যক্রম পরিচালনা করে শিক্ষার্থীদের ভবিষ্যৎ ঝুঁকির মধ্যে ফেলতে চান না। পদোন্নতিপ্রত্যাশী শিক্ষকদের মধ্যে আছেন ২৪ জন সহযোগী অধ্যাপক, ৩০ জন সহকারী অধ্যাপক এবং ৬ জন প্রভাষক। তাঁদের ভাষ্য, বর্তমান উপাচার্য দায়িত্ব পাওয়ার পর গত বছরের অক্টোবরের শেষ দিকে পদোন্নতি বোর্ড গঠন করেন। এরপর দুটি সিন্ডিকেট সভা হলেও উপাচার্য নিয়োগ বোর্ড অনুমোদনের প্রস্তাব সিন্ডিকেটে তোলেননি। সর্বশেষ ৩১ মার্চ সিন্ডিকেট সভা হয়। উপাচার্য মো. তৌফিক আলম বলেন, শিক্ষকেরা ২০১৫ সালের বিশ্ববিদ্যালয় আইনের অধীন পদোন্নতি চাইছেন, কিন্তু তাতে ইউজিসির আপত্তি আছে। তাই পুরোনো নিয়মে শিক্ষকদের পদোন্নতি দেওয়ার কোনো সুযোগ নেই। উপাচার্য আরও বলেন, 'অভিন্ন নীতিমালা দেশের ৫০টি বিশ্ববিদ্যালয় গ্রহণ করেছে। যে তিনটি করেনি, এর মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয় আছে। এ জন্য আমি শিক্ষকদের অনুরোধ করব, যাতে ক্লাস-পরীক্ষা বিঘ্নিত হয়, সে ধরনের কর্মসূচি থেকে সরে এসে আলাপ-আলোচনার মাধ্যমে আমরা একটি নতুন সংবিধি প্রণয়ন করি। এতে দ্রুত তাঁরা পদোন্নতি পাবেন।'

হামলা-ভাঙচুরের অভিযোগ ছাত্র

তথ্যমন্ত্রীর ব্যানার ভেঙে ফেলে। তিনি আরও অভিযোগ করেন, ওইদিন রাত ৯টার দিকে তথ্যমন্ত্রীর কর্মসূচিতে অংশগ্রহণের পর উপজেলা বিএনপির সিনিয়র নেতাদের সঙ্গে নিয়ে বার্থী বাজারে আসি। এসময় বিএনপির সিনিয়র নেতাকর্মীদের সামনেই আমাকে মারধর করে তারা। তবে বিক্ষুব্ধ যুব ও ছাত্রদলের ওই নেতাকর্মীরা মিজানুরের এসব অভিযোগ অস্বীকার করেন। তারা জানান, ফ্যাসিস্ট আ.লীগ সরকারের আমলে মিজানুর রহমান ঢাকায় থেকে একটি বেসরকারি ব্যাংকে চাকরি করতেন। আওয়ামী লীগের পতনের পর মিন্টু এলাকায় ফিরে বিএনপির বড় নেতা সেজেছেন। হামলা-মামলার শিকার বিএনপি ও তার অঙ্গ-সংগঠনের নির্যাতিত নেতাকর্মীদের মূল্যায়ন না করে বার্থী ইউনিয়নে একছত্র আধিপত্য বিস্তার করে আসছেন। যুব ও ছাত্রদলের ওই নেতাকর্মীরা বলেন, তিনি (মিজানুর) পক্ষপাতিত্ব, স্বেচ্ছাচারিতা ও স্বজনপ্রীতি করে ভিজিএফর স্লিপ বিতরণ, টাকার বিনিময়ে জেলে কার্ডের চাল বিতরণ করেন। এছাড়া গ্রাম্য সালিশ করে টাকা হাতিয়ে নেওয়া, দলীয় প্রভাব খাটিয়ে ইরি-বোরো ব্লকের নেতৃত্ব দখল, যাত্রী ছাউনি দখল, চাঁদাবাজিসহ বিভিন্ন অনৈতিক কাজ করে দলের ভাবমূর্তি নষ্ট করছেন। তার চাঁদাবাজি ও দখলবাজির প্রতিবাদে ইউনিয়ন যুবদল ও ছাত্রদলের শতাধিক নেতাকর্মী বার্থী বাজার ও বার্থী বাসস্ট্যান্ড এলাকায় বিক্ষোভ মিছিল করেছে। তারা বলেন, বার্থীতে মিজানুর রহমানের কোনো অফিস নেই। সে যাত্রী ছাউনি দখল করে অফিস বানিয়েছে। এখানে কোনো ভাঙচুর কিংবা হামলার ঘটনা ঘটেনি। এ বিষয়ে জানতে উপজেলা বিএনপির আহবায়ক সৈয়দ সরোয়ার আলম বিপ্লবের মোবাইল নাম্বারে একাধিকবার কল দেওয়া হলেও তিনি রিসিভ না করায় বক্তব্য নেওয়া যায়নি। গৌরনদী মডেল থানার ওসি তারিক হাসান রাসেল বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এ ঘটনায় এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

বরিশালে ৯৫ মেগাওয়াট লোডশেডিং

জ্বালানি সংকটে ১৮ বিদ্যুৎকেন্দ্র বন্ধ, লোডশেডিংয়ে বেশি ভুগছে গ্রাম

কীর্তনখোলা ডেস্ক

দেশে বর্তমানে দৈনিক বিদ্যুতের চাহিদা গড়ে ১৫ হাজার মেগাওয়াট, যার বিপরীতে উৎপাদন হচ্ছে ১৪ হাজার মেগাওয়াট বিদ্যুৎ। প্রায় ১ হাজার মেগাওয়াটের বেশি লোডশেডিংয়ের প্রভাব ঢাকার চেয়ে গ্রামাঞ্চলেই বেশি। একদিকে গরমের তীব্রতা ও অন্যদিকে ঘণ্টার পর ঘণ্টা বিদ্যুৎ না থাকায় অতিষ্ঠ হয়ে উঠেছে জনজীবন। বিগত বছর অবশ্য বিদ্যুৎ উৎপাদন ও লোডশেডিংয়ের চিত্র কিছুটা ভিন্ন ছিল। ঢাকা কিংবা গ্রামাঞ্চলে কোথাওই তীব্র আকারে লোডশেডিং দেখা যায়নি। তবে চলতি বছরে গ্রীষ্ম মৌসুমের শুরুতেই ইরান-যুক্তরাষ্ট্রের যুদ্ধ শুরু হওয়ার ফলে বিদ্যুৎ উৎপাদনে আমদানিকৃত জ্বালানি পণ্যের সাপ্লাই চেনে ব্যাঘাত ঘটে। ফার্নেস তেল, কয়লার মূল্য বেড়ে যাওয়া এবং এলএনজি আমদানি ব্যাহত হওয়ায় জ্বালানি সংকটে ভুগছে দেশের অধিকাংশ বিদ্যুৎকেন্দ্র। ফলশ্রুতিতে বাংলাদেশ ফার্নেস তেলের দাম বাড়িয়েছে, তবুও সহসাই সংকট কাটছে না। তেলভিত্তিক বিদ্যুৎ উৎপাদন সাধারণত ব্যয়বহুল। জ্বালানি খাত নিয়ে সরকার আর্থিকভাবে চাপে থাকায় কয়লা ও গ্যাসের মাধ্যমে সরকার বিদ্যুৎ উৎপাদন বাড়াতে চাইছে, যা তুলনামূলক সাশ্রয়ী। দেশে অবস্থিত ১৩৯টি বিদ্যুৎকেন্দ্রের মোট উৎপাদন ক্ষমতা ২৯ হাজার ২৬৯ মেগাওয়াট। যদিও বছরের পুরোটা সময় এ সক্ষমতার অর্ধেক অলস বসে থাকে। ১৮ এপ্রিল পর্যন্ত দেশে মোট বিদ্যুৎ উৎপাদিত হয়েছে ১৩ হাজার ৭৩২ মেগাওয়াট, যেখানে চাহিদা ছিল ১৪ হাজার ৫৫২ মেগাওয়াট। একই দিনে পিক আওয়ারে (সন্ধ্যায়) চাহিদা চলে গিয়েছিল ১৫ হাজার ৭২২ মেগাওয়াটে, যার বিপরীতে উৎপাদন হয়েছে ১৪ হাজার ৭৬৭ মেগাওয়াট বিদ্যুৎ। সোমবার (২০ এপ্রিল) সর্বোচ্চ বিদ্যুৎ চাহিদা নির্ধারণ করা হয়েছে ১৬ হাজার ৫০০ মেগাওয়াট। বিপিডিবির গত ১৬ এপ্রিলের তথ্য বিশ্লেষণ করে দেওয়া যায়, মোট উৎপাদনের বিপরীতে লোডশেডিং করা হয়েছে ১৪৮২ মেগাওয়াট। এর মধ্যে ঢাকায় সবচাইতে বেশি, ৩৬০ মেগাওয়াট লোডশেডিং। এছাড়া চট্টগ্রামে ১২০ মেগাওয়াট লোডশেডিং, খুলনায় ৩১৯ মেগাওয়াট, রাজশাহীতে ১৯৫ মেগাওয়াট, কুমিল্লায় ২১০ মেগাওয়াট, ময়মনসিংহে ৮০ মেগাওয়াট, সিলেটে ২৫ মেগাওয়াট, বরিশালে ৯৫ মেগাওয়াট ও রংপুরে ৭৮ মেগাওয়াট বিদ্যুৎ লোডশেডিং করা হয়েছে। সার্বিক হিসেবে ঢাকার বাইরে লোডশেডিং হয়েছে ১১২২ মেগাওয়াট। ন্যাশনাল লোড ডিসপ্যাচ সেন্টারের তথ্যানুসারে, ১৮ এপ্রিল দিনের শুরুতে সকাল ৬টায় বিদ্যুতের চাহিদা ছিল ১৪ হাজার ৪০১ মেগাওয়াট। তার বিপরীতে উৎপাদন হয়েছে ১৩ হাজার ৫৯৬ মেগাওয়াট। অর্থাৎ সে সময় লোডশেডিং করা হয়েছে ৮০৫ মেগাওয়াট। একইভাবে সকাল ৭টায় ১২৫৫ মেগাওয়াট, ৮টায় ৬৪৩ মেগাওয়াট, ৯টায় ৩৬০ মেগাওয়াট, ১০টায় ২০৯ মেগাওয়াট, বেলা ১১টায় ৬৭৯ মেগাওয়াট, দুপুর ১২টায় ১১০৬ মেগাওয়াট, ১টায় ১০৩৬ মেগাওয়াট, ২টায় ৮৪৪ মেগাওয়াট, বিকেল ৩টায় ৫৬২ মেগাওয়াট, ৪টায় ১৬৮ মেগাওয়াট, ৫টায় ১২৭ মেগাওয়াট, সন্ধ্যা ৬টায় ১১৮ মেগাওয়াট, ৭টায় ১২৮ মেগাওয়াট, রাত ৮টায় ১৪২ মেগাওয়াট, ৯টায় ৭৪ মেগাওয়াট, ১০টায় ১৪১ মেগাওয়াট, ১১টায় ৪৫১ মেগাওয়াট, ১২টায় ৭৩৩ মেগাওয়াট, রাত ১টায় ৮১৪ মেগাওয়াট, ২টায় ৮৯৮ মেগাওয়াট, ৩টায় ৯৫৩ মেগাওয়াট, ৪টায় ৯১৪ মেগাওয়াট ও ভোর ৫টায় ৬৮২ মেগাওয়াট লোডশেডিং করা হয়েছে। বিপিডিবির তথ্য অনুযায়ী, ১৮ এপ্রিল ঢাকা ও বরিশালে কোনো লোডশেডিং হয়নি। তবে চট্রগ্রামে ৯৫ মেগাওয়াট লোডশেডিং, কুমিল্লায় ১১০ মেগাওয়াট, ময়মনসিংহে ১০০ মেগাওয়াট, সিলেটে ৩০ মেগাওয়াট, খুলনায় ১৪৫ মেগাওয়াট, রাজশাহীতে ১১০ মেগাওয়াট ও রংপুরে ৫৩ মেগাওয়াট লোডশেডিং করা হয়েছে। জাতীয় গ্রিড ব্যবস্থাপনা দুইভাগে বিভক্ত। এর মধ্যে পূর্বাঞ্চল গ্রিডের অধীনে রয়েছে ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, ময়মনসিংহ ও সিলেট এবং পশ্চিমাঞ্চল গ্রিডের অধীনে রয়েছে খুলনা, বরিশাল, রাজশাহী ও রংপুর। পিজিসিবির তথ্য পর্যালোচনা করে দেখা যায়, ঢাকা অঞ্চলে বিদ্যুতের চাহিদা বেশি থাকায় পশ্চিমাঞ্চল গ্রিডের চাইতে পূর্বাঞ্চল গ্রিডে বিদ্যুৎ সরবরাহ তুলনামূলক বেশি। ১৮ এপ্রিল পূর্বাঞ্চল গ্রিডে ১০ হাজার ২০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে, যার মধ্যে ঢাকাতেই সরবরাহ করা হয়েছে ৫৬১৮ মেগাওয়াট বিদ্যুৎ। এছাড়া চট্টগ্রামে ১৪২৫ মেগাওয়াট, কুমিল্লায় ১৩৭৮ মেগাওয়াট, ময়মনসিংহে ১০১৯ মেগাওয়াট ও সিলেটে ৫৮০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। সমগ্র পশ্চিমাঞ্চল গ্রিডে সরবরাহ করা বিদ্যুতের পরিমাণ ঢাকার বিদ্যুতের চাইতেও কম। ১৮ এপ্রিল ওয়েস্টার্ন গ্রিডে মোট বিদ্যুৎ দেওয়া হয়েছে ৪২৯৫ মেগাওয়াট। এর মধ্যে খুলনায় ১৭৫৪ মেগাওয়াট, বরিশালে ৪৮৮ মেগাওয়াট, রাজশাহীতে ১৪৯১ মেগাওয়াট ও রংপুরে ৫৬২ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। ঢাকার চাইতে গ্রামের লোডশেডিংয়ের পরিমাণ অনেকটাই বেশি। দিনের ৬ থেকে ৮ বারের লোডশেডিংয়ে গড়ে প্রতিদিন ৪-৬ ঘণ্টা বিদ্যুৎ থাকছে না। এতে স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে, তেমনি প্রভাব পড়েছে কৃষি কাজে, ছোট ছোট কলকারখানাগুলোতে। রংপুরের পীরগাছা উপজেলার তাম্বুলপুর ইউনিয়নের আমজাদ হোসেন বলেন, বিদ্যুৎ কখন যায় কখন আসে বোঝা যায় না। এখনো সেভাবে গরম শুরু হয়নি, অথচ তার আগেই যেভাবে দিনে ৭-৮ বার লোডশেডিং হচ্ছে, তা অনেকটা অসহনীয়। এতে কৃষি কাজের পাশাপাশি বাড়ির দৈনন্দিন কাজ ব্যাহত হচ্ছে। রংপুর নগরীর মুন্সিপাড়া এলাকার জাহাঙ্গীর কবির, শহরে খুব একটা লোডশেডিং নেই, এখন সহনীয় পর্যায়ে আছে। তবে সামনে এসএসসি পরীক্ষা রয়েছে, এই সময়টাতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ প্রয়োজন।

এদিকে, বিদ্যুৎ ও জ্বালানি সংকট মোকাবিলায় সরকার বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলো বন্ধে সময় নির্ধারণ করলেও তা সরকারি তদারকের অভাবে প্রতিপালন করছেন না। রংপুরসহ আশপাশের জেলা ও উপজেলাগুলোতে রাত ৯টার পরও দোকানপাট, বিপণি বিতান খোলা রাখা হচ্ছে বলে খবর পাওয়া গেছে। সংশ্লিষ্ট বিদ্যুৎ কর্মকর্তারা বলছেন, রংপুর অঞ্চলে সহনীয় পর্যায়ে রয়েছে। চাহিদার তুলনায় খুব বেশি ঘাটতি না থাকায় এখনো তীব্র লোডশেডিং শুরু হয়নি। অপরদিকে রাজশাহী অঞ্চলেও বেড়েছে লোডশেডিংয়ের পরিমাণ। নেসকোর নির্বাহী পরিচালক (অপারেশন) মখলেসুর রহমান বলেন, বিদ্যুতের চাহিদা একেক সময় একেক রকম থাকে। তুলনামূলক সকালের দিকে চাহিদা কম থাকে। তাই এ সময় লোডশেডিং তেমন হয় না। তিনি বলেন, ২০ এপ্রিল রাজশাহী সার্কেল-১ এ সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত চাহিদা ও বরাদ্দ সমান ছিল (চাহিদা সর্বোচ্চ ১১৯.৪ মেগাওয়াট পর্যন্ত ছিল)। ফলে কোনো লোডশেডিং হয়নি। তবে রাত ৮টায় চাহিদা বেড়ে ১২৪ মেগাওয়াট হলেও বরাদ্দ ছিল ১১১ মেগাওয়াট, যার ফলে এই সার্কেলে ১৩ মেগাওয়াট লোডশেডিং হয়েছে। রাজশাহী সার্কেল ২-এ সারা দিনে চাহিদা ৫৭ মেগাওয়াট থেকে ৬৮.৬ মেগাওয়াটের মধ্যে ছিল। নগরের বুধপাড়া এলাকার বাসিন্দা বাবু বলেন, সকালের দিকেও বিদ্যুৎ থাকে না অনেক সময়। আমাদের এলাকায় রাত ১০টার পরে বিদ্যুৎ গিয়ে এক থেকে দেড় ঘণ্টা পরে আসে। গভীর রাতেও কয়েকবার বিদ্যুৎ যায়। রাতে ঘুমাতে বেশ কষ্ট হয়। বিদ্যুৎ ও বিতরণ বিভাগ নেসকোর রংপুর অঞ্চলের প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) শাহাদৎ হোসেন সরকার বলেন, বর্তমানে রংপুর বিভাগে চাহিদা ৯০০ মেগাওয়াট। আমরা চাহিদার তুলনায় ২৫-৩০ মেগাওয়াট বিদ্যুৎ কম পাচ্ছি, অর্থাৎ ঘাটতি রয়েছে। এ কারণে খুব একটা লোডশেডিং হচ্ছে না। পল্লী বিদ্যুতের প্রকৌশলী মো. রেজাউল করিম জানান, রংপুর বিভাগে বর্তমানে ৬০০ মেগাওয়াট বিদ্যুৎ চাহিদা রয়েছে। এর বিপরীতে ঘাটতি ১৫-২০ মেগাওয়াট। অন্যান্য অঞ্চলের তুলনায় রংপুরে এখনো সেভাবে লোডশেডিং শুরু হয়নি। আমরা গ্রাম অঞ্চলে বিদ্যুৎ ব্যবহারে সবাইকে সাশ্রয়ী হবার পরামর্শ দিচ্ছি। দেশে অবস্থিত বিদ্যুৎকেন্দ্রের ৮৮ শতাংশ তেল, গ্যাস ও কয়লানির্ভর। তবে বর্তমানে জ্বালানি সংকটে ১৮টি বিদ্যুৎকেন্দ্রের উৎপাদন সম্পূর্ণ বন্ধ রয়েছে। এর মধ্যে গ্যাসভিত্তিক কেন্দ্র ১০টি ও তেলভিত্তিক কেন্দ্র ৮টি। এছাড়া ১৩৯টি বিদ্যুৎকেন্দ্রের মধ্যে উৎপাদন কমে গেছে ৩৫টি বিদ্যুৎকেন্দ্রের। এর মধ্যে গ্যাসভিত্তিক ৯টি, তেলভিত্তিক ২৪টি ও কয়লাচালিত কেন্দ্র রয়েছে ২টি। গ্যাসভিত্তিক : ঘোড়াশাল রিপাওয়ারড ইউনিট ৪, ঘোড়াশাল টিপিপি ইউনিট ৫, ঘোড়াশাল ৩৬৫ মেগাওয়াট, ঘোড়াশাল ১০৮ মেগাওয়াট, মেঘনাটঘাট ৩৩৫ মেগাওয়াট, সিদ্ধিরগঞ্জ ২১০ মেগাওয়াট, মেঘনাঘাট ৫৮৩ মেগাওয়াট, জেরা মেঘনাঘাট ৭১৮ মেগাওয়াট, বাঘাবাড়ী ৭১ মেগাওয়াট, সিরাজগঞ্জ ২২৫ মেগাওয়াট। তেলভিত্তিক : গাগনগর ১০২ মেগাওয়াট, মেঘনাঘাট ১০৪ মেগাওয়াট, জুলদাহ ১০০ মেগাওয়াট, জুলদাহ ২ ইউনিট ১০০ মেগাওয়াট, জঙ্গলিয়া ৫২ মেগাওয়াট, ফেনী লঙ্কা পাওয়ার, রূপসা ১০৫ মেগাওয়াট, নাটোর ৫২ মেগাওয়াট। বিপিডিবির সদস্য (উৎপাদন) মো. জহুরুল ইসলাম বলেন, জ্বালানি সংকটের কারণে বিদ্যুৎ উৎপাদনে একটা প্রভাব পড়ছে, তবে আমরা আশা করছি লোডশেডিং বড় আকারে হবে না। গ্যাস ও কয়লাভিত্তিক কেন্দ্রের উৎপাদন বাড়ানো হচ্ছে। তবে ফার্নেস তেলের দাম বৃদ্ধি পাওয়ায় তেলভিত্তিক উৎপাদন খরচ বেড়ে গেছ, তাই আপাতত সেখান থেকে বিদ্যুৎ উৎপাদন নির্দিষ্ট পরিমাণে করা হচ্ছে।

বরগুনার যুবকের মরদেহ

তার মৃত্যু হয়। পরে দুই দেশের আইনি প্রক্রিয়া শেষে মঙ্গলবার দুপুরে শিপনের মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়। এসময় দুই দেশের সীমান্তরক্ষী বাহিনী ও পুলিশের সদস্যরা উপস্থিত ছিলেন। নালিতাবাড়ী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আশরাফুজ্জামান বলেন, 'মরদেহ বুঝে পাওয়ার পর পরিবারের সদস্যদের কাছে হস্তান্তর করা হয়েছে। এ বিষয়ে একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে।'

সোয়া ৯টা বাজলেই এলজিইডি অফিসে

প্রবেশ করতে পারেন, তারাই কেবল হাজিরা দিতে পারছেন। নির্ধারিত সময়ের পর কেউ এলে তাকে হাজিরা খাতায় অন্তর্ভুক্ত করা হচ্ছে না। তবে ঠিকাদারসহ সংশ্লিষ্টদের কাজের সুবিধার্থে সকাল ১০টার দিকে আবার ফটক খুলে দেওয়া হয়। অফিসে দেরিতে আসা উপ-সহকারী প্রকৌশলী শাহজাহান হোসেন বাপ্পি বলেন, সকালে কিছুটা দেরি হয়ে যাওয়ায় তিনি সময়মতো প্রবেশ করতে পারেননি। তবে এ ধরনের উদ্যোগ কর্মকর্তাদের সময়মতো অফিসে আসতে বাধ্য করছে বলে তিনি মনে করেন। নির্বাহী প্রকৌশলী হোসেন আলী মীর বলেন, সরকারি নির্দেশনা অনুযায়ী সকাল ৯টার মধ্যে উপস্থিত থাকা বাধ্যতামূলক। সেই নির্দেশনা কার্যকর করতেই এ পদক্ষেপ নেওয়া হয়েছে। তিনি জানান, নির্ধারিত সময়ের পর কেউ যেন হাজিরা দিতে না পারেন, সে কারণেই ৯টা ১৫ মিনিটে দরজা বন্ধ রাখা হচ্ছে। তিনি আরও বলেন, দেরিতে আসা কর্মকর্তাদের এরই মধ্যে মৌখিকভাবে সতর্ক করা হয়েছে। আর যেসব কর্মকর্তা নির্ধারিত সময়ের পর আসছেন, তাদের বিরুদ্ধে লিখিতভাবে শোকজ করার প্রক্রিয়াও শুরু করা হবে।

পিরোজপুরে ডাকাতির

জানান, সোমবার দিবাগত রাত ২টার দিকে টহল দেওয়ার সময় উপপরিদর্শক রাধা রমনের নেতৃত্বাধীন পুলিশের একটি টিম তাদের গ্রেপ্তার করে। তিনি আরো জানান, গ্রেপ্তারের সময় তাদের কাছ থেকে ধারালো অস্ত্র, টর্চ লাইট এবং মোবাইল ফোন উদ্ধার করা হয়। এ ছাড়া তারা সবাই বিভিন্ন অপরাধমূলক মামলায় অভিযুক্ত। এ ঘটনায় পিরোজপুর সদর থানায় রাধা রমন বাদী হয়ে একটি মামলা করেছেন।

এমপি মাসুদ সাঈদীর চেষ্টায়

হক। এক পর্যায়ে তিনি বাকশক্তি হারান এবং বিভিন্ন হাসপাতালে স্থানান্তরের মধ্যে পড়ে পরিবারের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। প্রায় এক বছর ধরে কোনো খোঁজ না পেয়ে উৎকণ্ঠায় দিন কাটাচ্ছিল পরিবারটি। গত ১৯ মার্চ জিয়াউল হকের স্ত্রী ও সন্তান সংসদ সদস্য মাসুদ সাঈদীর কাছে সহায়তা চান। বিষয়টি জানার পরপরই তিনি দ্রুত উদ্যোগ নেন। পরিবারের দেওয়া ছবি ও পাসপোর্টের তথ্যের ভিত্তিতে দুবাইয়ে নিজস্ব যোগাযোগের মাধ্যমে অনুসন্ধান শুরু করেন। একাধিক হাসপাতালে খোঁজ নেওয়ার পর অবশেষে একটি হাসপাতালে তার অবস্থান নিশ্চিত করা সম্ভব হয়। পরে ওই দিন রাতেই মাসুদ সাঈদীর উদ্যোগে ভিডিও কনফারেন্সের মাধ্যমে পরিবারের সঙ্গে জিয়াউল হকের যোগাযোগ স্থাপন করা হয়। এ সময় সন্তানের 'আব্বু, আব্বু' ডাকে নির্বাক জিয়াউল কোনো উত্তর দিতে না পারলেও অঝোরে কাঁদতে দেখা যায় তাকে। এসময় জিয়াউল হককে দ্রুতই দেশে ফিরিয়ে আনার ব্যবস্থা গ্রহণের জন্য আশ্বস্ত করেন তার পরিবারকে মাসুদ সাঈদী। ?উপজেলার চন্ডিপুরের চরবলেশ্বর গ্রামের ?জিয়াউল হককে দ্রুত দেশে ফিরিয়ে আনতে গত ১৬ এপ্রিল দুবাইয়ে অবস্থিত কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশের শ্রম কল্যাণ উইং থেকে প্রথম সচিব শাহানাজ পারভীন স্বাক্ষরিত একটি চিঠি জারি করা হয়েছে। এতে তার শারীরিক অবস্থা বিবেচনায় দ্রুত দেশে ফিরিয়ে এনে উন্নত চিকিৎসার ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়। ?চিঠিতে তাকে স্ট্রেচার, নার্স ও প্রয়োজনীয় চিকিৎসা সহায়তাসহ বিমানে পাঠানোর সুপারিশ করা হয়েছে। পাশাপাশি প্রায় ৩০ হাজার দিরহাম (প্রায় ১০ লাখ ২ হাজার ৬০০ টাকা) ব্যয় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের তহবিল থেকে প্রদানের সুপারিশ করা হয়েছে। ?সংসদ সদস্য মাসুদ সাঈদী বলেন, ছবি ও তথ্য বিশ্লেষণ করে ধাপে ধাপে তার অবস্থান শনাক্ত করা হয়েছে। এখন তাকে দ্রুত দেশে ফিরিয়ে আনার জন্য সরকারি প্রক্রিয়া শুরু হয়েছে। আশা করি অল্প দিনের মধ্যেই তাকে দেশে ফিরিয়ে আনা সম্ভব হবে। প্রবাসীরা দেশের অর্থনীতির অন্যতম চালিকাশক্তি। তাদের যে কোনো সংকটে পাশে থাকা আমাদের দায়িত্ব। ?জিয়াউল হকের স্ত্রী শামসুন্নাহার রুনা জানান, মাসুদ সাঈদীর মাধ্যমে দীর্ঘদিন পর স্বামীর সন্ধান পেয়ে আমরা আনন্দিত। এমপি সাহেবের প্রতি কৃতজ্ঞ। তিনি না হলে আমার স্বামী বেঁচে আছেন না মরে গেছেন তা ই জানতে পারতাম না। এখন আমরা অপেক্ষায় আছি, তিনি কবে দেশে ফিরে আসবেন।

নিরাপত্তাহীনতার অভিযোগে

সংশ্লিষ্ট দপ্তরে অবগতির জন্য পাঠানো হয়েছে বলে জানা গেছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রধান কর্মকর্তা কর্মস্থল ত্যাগ করায় প্রশাসনিক কার্যক্রমে স্থবিরতা তৈরি হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। বিশেষ করে জরুরি চিকিৎসাসেবা, চিকিৎসক সমন্বয়, ওষুধ সরবরাহ ও রোগী ব্যবস্থাপনায় নেতিবাচক প্রভাব পড়তে পারে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। স্থানীয় বাসিন্দারা জানান, পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স দক্ষিণাঞ্চলের গুরুত্বপূর্ণ চিকিৎসাসেবা কেন্দ্র। এখানে প্রতিদিন বিপুল সংখ্যক রোগী চিকিৎসা নিতে আসেন। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা অনুপস্থিত থাকলে স্বাস্থ্যসেবা বিঘ্নিত হওয়ার আশঙ্কা রয়েছে। পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. নীল রতন সরকারের মুঠোফোনে কল করা হলে তিনি বলেন, উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানিয়ে আমি ইউএনও মহোদয়ের কাছে লিখিত পত্র দিয়ে আসছি। এ বিষয়ে আমি আর কোন মন্তব্য করতে রাজি নই। ইউএনও মহোদয়ের সাথে কথা বলেন। পাথরঘাটা উপজেলা নির্বাহী কর্মকর্তা ও বরগুনা সিভিল সার্জনের মুঠোফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলে তারা রিসিভ করেননি। স্থানীয় সচেতন মহল বলছে, স্বাস্থ্য কর্মকর্তার নিরাপত্তা নিশ্চিত করে দ্রুত পরিস্থিতি স্বাভাবিক করা জরুরি। অন্যথায় সাধারণ মানুষের চিকিৎসাসেবা ব্যাহত হওয়ার আশঙ্কা রয়েছে।

ইসলামাবাদ পৌঁছেছে যুক্তরাষ্ট্র

আরবের সংবাদমাধ্যম আল অ্যারাবিয়া ও আল হাদাসের প্রতিবেদন থেকে এই তথ্য জানা গেছে। আল হাদাসের প্রতিবেদনে বলা হয়েছে, মঙ্গলবার পাকিস্তান সরকারের এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে আল অ্যারাবিয়া ও আল হাদাসকে জানিয়েছেন, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যকার আলোচনা যথাসময়ে শিডিউল অনুসারেই হবে। এ সময় তিনি নিশ্চিত করেন, আজই ইরান ও যুক্তরাষ্ট্রের একটি করে অগ্রবর্তী প্রতিনিধিদল ইসলামাবাদে পৌঁছে গেছে। নাম প্রকাশে অনিচ্ছুক ওই কর্মকর্তা আরও বলেন, 'ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে যুদ্ধবিরতির মেয়াদ বর্ধিত হবে কি না, সেই বিষয়ে আমাদের কাছে কোনো তথ্য নেই।' বিষয়টি এমন এক সময়ে প্রকাশ্যে এল, যখন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইঙ্গিত দিয়েছেন, ইরানের সঙ্গে যুদ্ধবিরতি হওয়ার সম্ভাবনা 'খুবই ক্ষীণ' এবং কোনো চুক্তি না হলে ইরানে 'মুহুর্মুহু বোমা' ফেলা হবে। জবাবে ইরানও জানিয়েছে, যুদ্ধের ময়দানে তারা যুক্তরাষ্ট্রকে মোকাবিলায় প্রস্তুত এবং তাদের কাছে 'নতুন তাস' রয়েছে। পাকিস্তানি সূত্রটি কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরাকেও অগ্রবর্তী প্রতিনিধিদল পৌছানোর বিষয়টি নিশ্চিত করেছে বলে ইসলামাবাদ থেকে জানিয়েছেন আল অ্যারাবিয়ার প্রতিনিধি রাশা নাবিল। তিনি জানিয়েছেন, একটি সরকারি সূত্র নিশ্চিত করেছে, পাকিস্তান ইরানের পূর্ণ দাবি যুক্তরাষ্ট্রের প্রশাসন এবং যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে পৌছে দিয়েছে, তবে বিষয়গুলো অত্যন্ত জটিল। রাশা নাবিল আরও জানিয়েছেন, তেহরান ইসলামাবাদকে জানিয়েছে, তারা নৌ অবরোধের অবসান চায় এবং কূটনৈতিক পথে কোনো ইতিবাচক ফল না পাওয়ার বিষয়ে তাদের গভীর আশঙ্কাও রয়েছে। অন্যদিকে পাকিস্তান যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে একটি বাস্তব ও কার্যকর সমঝোতা গড়ে তোলার জন্য আন্তরিক এবং অত্যন্ত পেশাদার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তবে সূত্রের বরাতে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যকার আলোচনা অনুষ্ঠিত হবে বলে জানা গেলেও ইরানের তরফ থেকে বিষয়টি এখনো নিশ্চিত করা হয়নি। ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, মঙ্গলবার সকালে কেউই ইসলামাবাদের উদ্দেশে তেহরান ত্যাগ করেনি।

ইরান যুদ্ধে যুক্তরাষ্ট্রের ব্যয় দিয়ে

অল্প সময়েই কোটি কোটি মানুষের জীবন রক্ষা করা সম্ভব ছিল। সোমবার (২০ এপ্রিল) লন্ডনের চ্যাথাম হাউসে দেওয়া এক বক্তব্যে তিনি জানান, তার সংস্থার পুরো বছরের লক্ষ্যমাত্রা হচ্ছে ২৩ বিলিয়ন ডলার, যা দিয়ে ৮ কোটি ৭০ লাখ মানুষের জরুরি মানবিক প্রয়োজন মেটানো সম্ভব। অথচ ইরান যুদ্ধের মাত্র ১২ দিনের খরচ দিয়েই এই বিশাল তহবিল সংগ্রহ করা সম্ভব ছিল। তিনি বলেন, প্রতিদিন এই যুদ্ধে দুই বিলিয়ন ডলার অপচয় হচ্ছে। অথচ আমার বাজেটে বর্তমানে ১০ বিলিয়ন ডলারের ঘাটতি রয়েছে। এই যুদ্ধ বিশ্বজুড়ে খাদ্য ও জ্বালানি পণ্যের দাম প্রায় ২০ শতাংশ বাড়িয়ে দিয়েছে, যার দীর্ঘমেয়াদি প্রভাব পড়বে সাব-সহারা ও পূর্ব আফ্রিকার দরিদ্র দেশগুলোতে। মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের 'ইরানকে বোমা মেরে পাথর যুগে পাঠিয়ে দেওয়া'র মতো উগ্র ভাষার কঠোর সমালোচনা করেন ফ্লেচার। তিনি সতর্ক করে বলেন, এ ধরনের সহিংস ভাষার স্বাভাবিকীকরণ অত্যন্ত বিপজ্জনক। এটি আন্তর্জাতিক আইন লঙ্ঘন করে বেসামরিক অবকাঠামো ও সাধারণ মানুষের ওপর হামলা চালাতে বিশ্বের অন্যান্য স্বৈরাচারী শাসকদের উৎসাহিত করছে ট্রাম্প প্রশাসনের কাজের ধরন নিয়ে ফ্লেচার বলেন, সেখানে রাষ্ট্রনীতির চেয়ে 'রিয়েল এস্টেট' মানসিকতা বেশি কাজ করে। তারা প্রতিষ্ঠান বা নিয়ম-নীতির চেয়ে ব্যক্তিগত সম্পর্কের ওপর বেশি গুরুত্ব দেয়। তারা মনে করে বিশৃঙ্খলা সৃষ্টি করে প্রতিপক্ষকে অপ্রস্তুত রাখলে বেশি ফল পাওয়া যায়। তিনি আরও যোগ করেন, ট্রাম্প যদি ১৪টি যুদ্ধ শেষ করতে পারেন, তবে তাকে নোবেল দেওয়া হোক, কিন্তু বাস্তবে তা করে দেখাতে হবে। সাবেক এই ব্রিটিশ কূটনীতিক নিজের দেশের সমালোচনা করতেও ছাড়েননি। তিনি বলেন, গত ১০ বছর ধরে ব্রিটিশ রাজনীতিকরা পারস্পরিক কাদা ছোঁড়াছুড়িতে ব্যস্ত থাকায় আন্তর্জাতিক অঙ্গনে যুক্তরাজ্যের প্রভাব কমেছে। বৈদেশিক সহায়তায় বড় ধরনের বাজেট কর্তন করায় আন্তর্জাতিক সম্মেলনগুলোতে এখন যুক্তরাজ্যকে নিয়ে হাসাহাসি করা হয় বলেও মন্তব্য করেন তিনি। ফ্লেচার জানান, বর্তমানে জাতিসংঘ এক ভয়াবহ অর্থ সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। একদিকে প্রয়োজন বাড়ছে, অন্যদিকে যুক্তরাষ্ট্রসহ ইউরোপের দেশগুলো তাদের সাহায্য কমিয়ে দিচ্ছে। গত তিন বছরে এক হাজারেরও বেশি ত্রাণকর্মী নিহত হওয়ার ঘটনায় তিনি গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, 'ত্রাণকর্মীদের হত্যা করা এখন যেন একটি স্বাভাবিক বিষয়ে পরিণত হয়েছে। এর কোনো বিচার নেই।' তিনি বিশ্বনেতাদের প্রতি আহ্বান জানান, তারা যেন কেবল বিবৃতিতে সীমাবদ্ধ না থেকে ত্রাণকর্মীদের রক্ষায় কার্যকর পদক্ষেপ নেন এবং যুদ্ধবাজদের অস্ত্র সরবরাহ বন্ধ করেন।

গত বছর প্রায় ৮ হাজার

২০২৫ সালে আন্দামান সাগর ও বঙ্গোপসাগরে প্রায় ৯০০ রোহিঙ্গা শরণার্থী নিখোঁজ বা মৃত হিসেবে রিপোর্ট হয়েছে, যা দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় সমুদ্রপথে চলাচলের ইতিহাসে সবচেয়ে প্রাণঘাতী বছর। তিনি আরও জানান, নিরাপত্তা ও জীবিকার সন্ধানে বিপজ্জনক সমুদ্রযাত্রায় নামতে বাধ্য হচ্ছেন রোহিঙ্গারা, যা তাদের জীবনকে মারাত্মক ঝুঁকির মধ্যে ফেলছে।

ভোলায় ৭৩টি খাল পুনঃখননের প্রস্তাব

শুরু না হলে কৃষি উৎপাদনে বড় ধরনের ক্ষতির আশঙ্কা রয়েছে। এছাড়া ৩৯টি খাল জরুরি এবং ১৪টি খাল কম জরুরি তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে। অতি জরুরি খাল : পৌর বাপ্তা মৌজার আবহাওয়া অফিস রোড সংলগ্ন খাল, ভোলা পৌরসভার ভোলা পৌর খাল, ছোট আলগির পৌরসভার খাল, চরপোটকার সুন্দর খালির খাল, শাহামাদারের তেরো বোয়ালিয়া খাল, কানাইনগরের আন্দির খাল, শুক্কুর মোল্লা খাল, রুহিতার রুহিতা খাল, আলীনগরের মাদ্রাসা বাজার খাল, ভোলার খালের শাখা, বড় চরসামাইয়ার কয়াল বাড়ি খাল, সেকমার সেকমা খাল, ছিফলীর আগারপোল খাল, চর চন্দ্র প্রসাদের গোয়ালিয়া খাল, দারোগা খাল, পশ্চিম চরকালীর শেরে বাংলা খাল, চররমেশের চরকালী খাল, কোড়ালিয়ার গাড়িগাটা খাল, দক্ষিণ বালিয়ার কেড়ামুনিয়া খাল এবং দক্ষিণ বালিয়ার বটতলা জোড় খাল। জরুরি খাল : চর মনসা মৌজার টাঙ্গির খাল, দক্ষিণ রাজাপুরের জোড়া খাল, গুপ্তমুন্সির নবকুমার খাল, এছাকের খাল, গুপ্তমুন্সির খাল, কুমারিয়ার খাল, গজারিয়ার খাল, দক্ষিণ চরপাতার সদর চর খাল, কচ্ছপিয়া খাল, দক্ষিণ চরের আনন্দ দুর্গা খাল, পশ্চিম চরপাতার টাঙ্গির খাল, বাইলা খালি খাল, পশ্চিম পাঙ্গাশিয়ার বোয়াল খালি খাল, টাঙ্গির খাল, পাঙ্গাশিয়ার খন্তা খালি খাল, চরপোটকার আউত্তা খালির খাল, বাপ্তার চাচড়া খাল, চৌদ্দঘর খাল, মধ্য বাপ্তার মুছাকান্দি খাল, সুদরোকান্দি খাল, শাহামাদারের গারিয়াল খাল, ধনিয়ার চেউয়াখালির খাল, নবীপুরের নবীপুর হেতনার খাল, রতনপুরের ভোলা খাল, কালিকীর্ত্তির কালিকীর্ত্তি খাল, শিবপুরের শিবপুর খাল, রতনপুরের রতনপুর খাল, চন্দ্রপ্রসাদের জরঝুরিয়া খাল, নাপ্তার খাল, দারোগা খাল, কুঞ্জপট্টির বাওয়ালী খাল, চর ভেদুরিয়ার হাজির হাট খাল, গজারিয়ার শেকমা গজারিয়া খাল, উত্তর দিঘলদীর রাঢ়ির হাট বাজার খাল, কোড়ালিয়ার বাজার খোলা খাল, কোড়ালিয়ার মন্টু মোল্লা খাল, শান্তির হাট খাল এবং দক্ষিণ বালিয়ার নতুন হাট খাল। কম জরুরি খাল : চর মনসা মৌজার টাঙ্গির খাল, কন্দকপুরের জোড়া খাল, মেদুয়ার টাঙ্গির খাল, চর মনসার মেদুয়া খাল, চর ইলিশার নবকুমার খাল, চর আনন্দের পাটোয়ারীর খাল, দরোগার খাল, পণ্ডিতের খাল, কুঞ্জপট্টির আবদুল্লাহ খাল, চর ভেদুরিয়ার ব্যাংকের হাট খাল, কাঁটাবুনিয়া খাল, হেতনার খাল, চর চটকিমারার চটকিমারা খাল এবং দক্ষিণ বালিয়ার মাতাব্বর বাড়ি খাল। চিহ্নিত খালগুলোর দৈর্ঘ্য সর্বনিম্ন ৫০ মিটার থেকে সর্বোচ্চ ৬৫০ মিটার পর্যন্ত। দীর্ঘদিন অবহেলা ও রক্ষণাবেক্ষণের অভাবে অনেক খাল ভরাট হয়ে গেছে, কোথাও কোথাও পানিপ্রবাহ প্রায় সম্পূর্ণ বন্ধ হয়ে পড়েছে। কৃষি বিভাগের মতে, এসব খাল পুনঃখনন করা হলে বৃহৎ এলাকা সেচ সুবিধার আওতায় আসবে। এতে বোরো ও আমন মৌসুমে ফসল উৎপাদন বাড়বে এবং একই সঙ্গে বর্ষাকালে জলাবদ্ধতা কমে বসতভিটা ও গ্রামীণ অবকাঠামো রক্ষা পাবে। উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয় সূত্রে জানা গেছে, প্রস্তাবিত খালগুলোর অধিকাংশই অতি জরুরি তালিকায় থাকায় দ্রুত বাস্তবায়ন প্রয়োজন। সময়মতো উদ্যোগ না নিলে আসন্ন মৌসুমে কৃষকদের ক্ষতির ঝুঁকি বাড়বে।

পিরোজপুরে সূর্যমুখী চাষে

প্রতি হেক্টরে দুই থেকে আড়াই টন। যার বাজারমূল্য প্রায় ২০ কোটি টাকা। কৃষকেরা বলছেন, পর্যাপ্ত সরকারি প্রণোদনা ও কার্যকর সহায়তা, বিনা সুদে ঋণ পেলে এ সম্ভাবনাময় চাষে স্থানীয় কৃষকেরা আরও বেশি উদ্বুদ্ধ হবেন। এ ছাড়া সরকারের কৃষি কার্ড পেলে আরও বেশি চাষাবাদে আগ্রহী হওয়ার সম্ভাবনা আছে। এ ছাড়া বিকেল হলেই গ্রামের সূর্যমুখী ক্ষেত পরিণত হয় দর্শনার্থীদের মিলনমেলায়। স্থানীয়দের মতে, ক্ষেতটি এখন এলাকার একটি ছোট পর্যটনকেন্দ্র। সূর্যমুখী চাষি খোকন বলেন, ?'আমরা প্রতি বছর শুধু ধান উৎপাদন করি। এ বছর প্রথম সূর্যমুখী চাষ করেছি। ফলন ভালো হয়েছে। কৃষি অফিস থেকে বীজ দিয়ে সহায়তা করেছে। সরকার যদি সহজ শর্তে ঋণ দিতো, তাহলে ভালো হতো। তবে আমাদের দেখাদেখি আগামীতে অনেক চাষি সূর্যমুখী আবাদ করবেন।' অন্য চাষি মোস্তফা হাওলাদার বলেন, 'আমি ১ বিঘায় সূর্যমুখী আবাদ করেছি। এর আগে কখনো সূর্যমুখী চাষ করিনি। সূর্যমুখী চাষ অনেক লাভজনক। শুনেছি সরকার কৃষি কার্ড দিচ্ছে। যদি আমাদের কৃষি কার্ড দেওয়া হতো, তাহলে ভালো হতো। সূর্যমুখী তেল অনেক উপকারী। পরিবারের জন্য তেল রেখে বাকিটা বিক্রি করে দেবো।' আরেক চাষি রফিক উদ্দিন বলেন, 'সূর্যমুখী চাষ বেশি লাভজনক। ফলন ভালো হয়েছে। কিছুদিন পরেই পরিপূর্ণভাবে তেল উৎপাদনের জন্য তৈরি হবে। সূর্যমুখী শুধু একটি ফসল নয়, ফুল ফোটার পর অনেক মানুষ ঘুরতে আসে। অনেক দূর থেকেও ঘুরতে আসে। আমাদেরও দেখে ভালো লাগে।' ঘুরতে এসে মুন্নি আক্তার বলেন, 'নেছারাবাদ থেকে ঘুরতে এসেছি। অনেক ভালো লাগছে পরিবারের সাথে এসে। সূর্যমুখী ফুল দেখতে অনেক ভালো লাগে। অনেক ছবি তুলেছি। ফুলগুলো অনেক সুন্দর।' পিরোজপুর শহর থেকে ঘুরতে আসা আরমান ইসলাম বলেন, 'শুধু মেয়েরা নয়, ছেলেরাও ফুল অনেক ভালোবাসে। আমরা এসেছি বন্ধুরা মিলে। সূর্যমুখী ফুলগুলো দেখতে অনেক ভালো লাগছে। কেউ যদি সূর্যমুখী বাগানে আসেন, তাহলে মন ভালো হয়ে যাবে।' পিরোজপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সৌমিত্র সরকার বলেন, 'কৃষকদের বীজ সরবরাহ, প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং নিয়মিত মাঠ পরিদর্শনের মাধ্যমে সার্বিক সহায়তা করা হচ্ছে। জেলার বিভিন্ন উপজেলায় যে পরিমাণ সূর্যমুখী আবাদ হয়েছে, তার আনুমানিক বাজারমূল্য প্রায় ২০ কোটি টাকা। আগামী বছর আবাদ আরও বাড়ার সম্ভাবনা আছে।'

হজযাত্রীদের বহনে ৩১ লাখ

২২ হাজারেরও বেশি কর্মী নিয়োজিত থাকবেন। হাজিদের সুবিধার জন্য এবার 'ব্যাগেজ-ফ্রি ট্রাভেলার' বা ব্যাগহীন যাত্রী সেবা চালু করা হয়েছে। এই সেবার আওতায় হাজিরা তাদের থাকার জায়গা থেকেই সরাসরি লাগেজ পাঠিয়ে দিতে পারবেন। পাশাপাশি জমজমের পানি আগেভাগেই পাঠানোর সুবিধাও বাড়ানো হয়েছে। সৌদি আরবের জাতীয় বিমান সংস্থা 'সৌদিয়া' একাই ১০ লাখের বেশি আসন বরাদ্দ করেছে। অন্যদিকে বাজেট এয়ারলাইন 'ফ্লাইনাস' বিশ্বের ২০টি আন্তর্জাতিক গন্তব্য থেকে প্রায় দেড় লাখ হাজির যাতায়াত নিশ্চিত করবে। পবিত্র স্থানগুলোর মধ্যে যাতায়াতে এবারও মূল ভূমিকা পালন করবে রেল পরিষেবা। মিনা, মুজদালিফা ও আরাফার মধ্যে হাজিদের যাতায়াতে মাশায়ের ট্রেন ২ হাজারেরও বেশি ট্রিপ সম্পন্ন করবে। আশা করা হচ্ছে, এই ট্রেনের মাধ্যমে ২০ লাখেরও বেশি যাত্রী পরিবহন করা সম্ভব হবে। এছাড়া মক্কা ও মদিনার মধ্যে সংযোগকারী হারামাইন হাই-স্পিড রেলওয়ে ৫ হাজার ৩০৮টি ট্রিপ পরিচালনা করবে, যেখানে আসন সংখ্যা থাকবে ২২ লাখের বেশি। সড়কপথের নিরাপত্তায় ব্যাপক সংস্কার কাজ চালিয়েছে সৌদি কর্তৃপক্ষ। মরুভূমির বালু সরিয়ে রাস্তা পরিষ্কার রাখা, ১ লাখ ৭৮ হাজার লাইটিং ইউনিট সচল করা এবং ৪ হাজারেরও বেশি নির্দেশক ও সতর্কতামূলক চিহ্ন বসানো হয়েছে। হাজিদের সেবায় প্রস্তুত রাখা হয়েছে ৩৩ হাজার বাস এবং ৫ হাজার ট্যাক্সি। সমুদ্রপথে জেদ্দা ইসলামিক পোর্টে হাজিদের গ্রহণ করতে বিশেষ টিম গঠন করা হয়েছে। এছাড়া জরুরি পরিস্থিতি মোকাবিলায় এবং দ্রুত সাড়া দিতে ন্যাশনাল ট্রান্সপোর্ট সেফটি সেন্টার চব্বিশ ঘণ্টা কাজ করবে বলে জানানো হয়েছে। লজিস্টিক ও ডাক সেবার মান বাড়াতে বিমানবন্দর ও হাসপাতালের মতো জনবহুল এলাকাগুলোতে ইলেকট্রিক স্কুটার ও মোটরবাইক ব্যবহারের পরিকল্পনাও নিয়েছে সৌদি।

মদপানে বাধা দেয়ায় শ্রমিক দলের

হাওলাদারকে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর জখম করে এবং তার বাবা শাহ আলম হাওলাদারকে বেধড়ক মারধর করে হাত ভেঙে দেয়। তাদের রক্ষা করতে এগিয়ে এলে প্রতিবেশী মেশকাত, লিমন ও বসারসহ আরও কয়েকজন আহত হন। গুরুতর আহত মিজান বর্তমানে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। ভুক্তভোগী পরিবার দাবি করে, পূর্বপরিকল্পিতভাবে হত্যার উদ্দেশ্যে এ হামলা চালানো হয়েছে। বর্তমানে তারা চরম নিরাপত্তাহীনতায় ভুগছেন বলে জানিয়ে অভিযুক্তদের দ্রুত গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। একই সঙ্গে পরিবারের নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করা হয়। তবে সকল অভিযোগ অস্বীকার করেছেন অভিযুক্ত শ্রমিক দলের সাবেক নেতা আব্বাস গাজী। এ ঘটনায় মিজান হাওলাদারের বাবা শাহ আলম হাওলাদার কলাপাড়া জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে একটি মামলা দায়ের করেছেন, যা বর্তমানে পিবিআই-এর তদন্তাধীন রয়েছে।

অতিরিক্ত দামে তেল

ও ভোজ্যতেল বিক্রয় করে ও মজুদ রেখে বাজারে কৃত্রিম সংকট তৈরি করতে না পারে সেই লক্ষ্যে গোপন সংবাদের ভিত্তিতে পটুয়াখালী জেলার গলাচিপা থানার বাদুরা বাজারে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৭ ও ৪০ ধারা লঙ্ঘন করে অসাধু উপায়ে সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অধিক দামে জ্বালানি ও ভোজ্য তেল বিক্রয় করার অপরাধে দু'টি প্রতিষ্ঠানকে পৃথকভাবে মোট ৪৫ হাজার টাকা জরিমানা করা হয়। র‍্যাব নিয়মিতভাবে এ ধরনের অভিযান পরিচালনা করছে এবং ভবিষ্যতেও তা অব্যাহত থাকবে বলে জানানো হয়েছে। সচেতন নাগরিক হিসেবে অবৈধ মজুতদার ও অধিক মুনাফাদারি সম্পর্কে র‍্যাবকে অবগত করার জন্য অনুরোধ করা হয়েছে। উল্লেখ্য, যেকোনো ধরনের অস্থিতিশীলতা, অবৈধ মজুতদার ও বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের কঠোর হস্তে দমনে র‍্যাব-৮, সিপিসি-১, পটুয়াখালী দৃঢ় প্রতিজ্ঞ।

ভাণ্ডারিয়ায় ৬টি কেন্দ্রে

৬৭জনের মধ্যে উপস্থিত ছিল ৬৫জন এবং অনুপস্থিত ২জন। ৬টি কেন্দ্রে মোট অনুপস্থিত ৮৩জন বলে জানিয়েছেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. জাহাঙ্গীর আলম। তবে কোন কেন্দ্র থেকে বহিস্কার নেই। পরীক্ষায় দ্বায়ীত্বপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. হাসিবুল হাসান জানান,সকল কেন্দ্রে সকাল ১০টায় শুরু হয়ে দুপুর ১টায় ১০০পূর্ণ মানের এসএসসিতে বাংলা প্রথম পত্র এবং দাখিলে কুরআন মজিদে প্রথম দিনের পরীক্ষা সুষ্ঠ ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। আমি ছাড়াও নির্বাহী ম্যাজিস্ট্রেট এর দ্বায়িত্বে থাকা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) উজ্জ্বল হালদারও পর্যায়ক্রমে কেন্দ্র গুলো পরিদর্শন করেছেন। কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। তা ছাড়া এবছরের পরীক্ষায় প্রতিটি কেন্দ্রের সকল কক্ষ ছিল সিসি ক্যামেরার আওতায়।

দৌলতখানে নৌকা থেকে

সন্দেহজনক ১টি কাঠের বোটে তল্লাশি করে ৪ হাজার ২০০ লিটার অবৈধ জ্বালানি তেল (পেট্রল) জব্দ করা হয়। ওই জ্বালানির মূল্য আনুমানিক ৫ লাখ ৬৭ হাজার টাকা। দেশীয় বিভিন্ন তেলবাহী জাহাজ থেকে কিছু অসাধু ব্যবসায়ী অবৈধভাবে ওই তেল সংগ্রহ করে মজুতের উদ্দেশ্যে স্থানান্তর করছিল। সাব্বির আলম সুজন আরও জানান, জব্দ করা তেলের বিষয়ে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন। অবৈধ মজুত ও কৃত্রিম সংকট রোধে কোস্ট গার্ড ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত রাখবে বলেও জানান তিনি।

কাউখালীতে ৮৯০ লিটার ডিজেল

পেট্রোলিয়াম আইনে জ্বালানি ব্যবসায়ী আনসার তালুকদারকে ৫ হাজার টাকা জরিমানা এবং ৮০০ লিটার ডিজেল জব্দ এবং তপন কুন্ডুকে ৫ হাজার টাকা জরিমানা এবং ৯০ লিটার ডিজেল জব্দ করা হয়। অপর দিকে উত্তর বাজারে ব্যবসায়ী রতন দাসকে ভোক্তা সংরক্ষণ আইনে সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে জ্বালানি তেল বিক্রয় করায় ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

এক রাতে ৭ জনকে

ও মেয়ে সাদিয়া খাতুন (৩)। নিহতদের মধ্যে হাবিবুর ও তার স্ত্রীকে গলা কেটে হত্যা করা হয়েছে। তাদের সন্তান পারভেজ ও সাদিয়াকে মাথায় আঘাত করে হত্যা করা হয়েছে। পারভেজ বাহাদুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়াশোনা করত। স্থানীয় সূত্রে জানা গেছে, মঙ্গলবার ভোরে হাবিবুর রহমানের বাবা নমির হোসেন ছেলের ঘরের দরজার সামনে রক্ত দেখতে পান। সন্দেহ হলে তিনি ভেতরে প্রবেশ করে খাটের ওপর চাদর দিয়ে ঢাকা অবস্থায় চারজনের লাশ দেখতে পান। পরে তার চিৎকারে আশপাশের লোকজন জড়ো হন এবং পুলিশে খবর দেন। পুলিশ সূত্রে জানা গেছে, হাবিবুর রহমান পেশায় একজন গরু ব্যবসায়ী ছিলেন। মান্দার চৌবাড়িয়া হাটে গরু বিক্রি করে সোমবার রাত ৮টার দিকে বাড়িতে আসেন। তার কাছে গরু বিক্রির দুই লাখ ৮০ হাজার টাকা ছিল। ধারণা করা হচ্ছে, দুর্বৃত্তরা হাবিবুরের টাকা লুটের জন্য তাকে ও তার পরিবারের সদস্যদের হত্যা করেছে। এছাড়া বাড়িতে থাকা স্বর্ণালঙ্কারও লুট করে নিয়ে গেছে। হাবিবুরের স্ত্রী পপি খাতুনের কানের রিং ছিনিয়ে নিয়ে গেছে দুর্বৃত্তরা। নিয়ামতপুর থানার ওসি মাহবুবুর রহমান বিষয়টি নিশ্চিত করে বলেন, নিহতদের মধ্যে বাড়ির কর্তা হাবিবুর ও স্ত্রীকে গলা কেটে হত্যা করা হয়েছে। তাদের সন্তানদের মাথায় আঘাত করে হত্যা করা হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, ডাকাতি করার উদ্দেশে দুর্বৃত্তরা ওই বাড়িতে প্রবেশ করেছিল। ডাকাতি করার পর পরিচয় প্রকাশ হওয়ার ভয়ে ওই বাড়ির কর্তাসহ পরিবারের অন্য সদস্যদের হত্যা করেছে। কক্সবাজার : কক্সবাজারের টেকনাফে মঙ্গলবার (২১ এপ্রিল) সকাল সাড়ে ১০টায় উপকূলীয় বাহারছড়া উত্তর শীলখালী এলাকার গহিন পাহাড় থেকে তিনজনের মরদেহ উদ্ধার করেছে। স্থানীয়রা জানান, বুধবার রাতে উত্তর শীলখালীতে পাহাড়ের পাদদেশে একটি বাসায় চারজনকে গলা কেটে ফেলে যায় দুর্বৃত্তরা। পরে তিনজনের মরদেহ উদ্ধার করা হয়। নিহতরা হলেন নুরুল কবিরের ছেলে মজিদ, নুরুল ইসলামের ছেলে নুরুল বশর এবং রুহুল আমিনের ছেলে রবি।

নলছিটিতে দুই মাস ধরে

কর্মকর্তা তাকে জানান, ইউএনও জেলায় কাজে গেছেন এবং মঙ্গলবার ফিরবেন। উপজেলার তিমিরকাঠি গ্রামের আবদুর রহমান বলেন, তিনি সন্তানের জন্মনিবন্ধনের জন্য গিয়েছিলেন। কিন্তু ইউএনও অফিসে না থাকায় কাজও হচ্ছে না। একজন সরকারি কর্মকর্তা বলেন, "স্থায়ী ইউএনও না থাকলে বিভিন্ন দপ্তরের কাজ করতে সমস্যা হয়।" ১০টি ইউনিয়ন ও একটি পৌরসভা নিয়ে গঠিত এ উপজেলায় ২০২৩ সালের সেপ্টেম্বর থেকে ২০২৫ সালের সেপ্টেম্বর পর্যন্ত মো. নজরুল ইসলাম ইউএনও হিসেবে দায়িত্ব পালন করেন। পরে প্রায় দুই মাসের জন্য ইউএনও হয়ে আসেন লাভলী ইয়াসমিন। তিনি চলে যাওয়ার পর ২০২৫ সালের ২৬ নভেম্বর জোবায়ের হাবিব ইউএনও হিসেবে যোগ দেন। কিন্তু চলতি বছরের ১২ ফেব্রুয়ারি জাতীয় সংসদ নির্বাচনের পর তিনি প্রশিক্ষণে চলে গেলে পদটি খালি হয়ে যায়। এরপর ঝালকাঠি সদর উপজেলার ইউএনও সেগুফতা মেহনাজকে অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়। তিনি এখন সদরের পাশাপাশি নলছিটি উপজেলা ও পৌরসভার দায়িত্ব একসঙ্গে সামলাচ্ছেন। স্থানীয়দের অভিযোগ, একজন কর্মকর্তার ওপর এত দায়িত্ব থাকায় অনেক কাজ সময়মত করা সম্ভব হচ্ছে না। স্থানীয় বাসিন্দা কাওসার সিকদার, মামুন হোসেন, রাকিব হোসেন ও বাপ্পি হাওলাদার বলেন, নতুন কর্মকর্তা এলেও অল্প সময়ের মধ্যে বদলি হয়ে যান।

জরুরিভাবে ১৬৯৮ কোটি

নিয়ে আসা হয়। বৈঠক শেষে অর্থ মন্ত্রাণলয় থেকে জানানো হয়েছে, ইরান এবং মার্কিন যুক্তরাষ্ট্র-ইসরায়েল যুদ্ধের পরিপ্রেক্ষিতে উদ্ভূত অস্থিতিশীল ভূরাজনৈতিক প্রেক্ষাপটে দেশে জরুরি জ্বালানি চাহিদা পূরণের জন্য ডিবিএস ট্রেডিং হাউস এফজেডসিও-এর নিকট থেকে ৫০ হাজার মেট্রিক টন ইএন৫৯০-১০ পিপিএম ডিজেল এবং ২৫ হাজার মেট্রিক টন গ্যাসোলিন ৯৫ আনলেডেড (অকটেন) আমদানির প্রস্তাব বৈঠকে অনুমোদন দেওয়া হয়েছে। সরাসরি ক্রয় পদ্ধতিতে এই জ্বালানি তেল কেনা হবে। এতে ব্যয় হবে ১ হাজার ২৩ কোটি ৬১ লাখ ২০ হাজার টাকা। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আর এক প্রস্তাবের প্রেক্ষিত্রে জরুরি জ্বালানি চাহিদা পূরণের জন্য আর্চার এনার্জি এলএলসি'র কাছ থেকে সরাসরি ক্রয় পদ্ধতিতে ১ লাখ মেট্রিক টন ইএন৫৯০-১০ পিপিএম মানমাত্রার সালফারযুক্ত ডিজেল আমদানির অনুমোদন দেওয়া হয়েছে। এতে ব্যয় হবে ৬৭৪ কোটি ৬০ লাখ ২০ হাজার টাকা। এছাড়া বৈঠকে সভায় ঢাকা ওয়াসার 'ঢাকা এনভায়রনমেন্টালি সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই (ডিইএসডব্লিউএস)' প্রকল্পের ম্যানেজমেন্ট, ডিজাইন অ্যান্ড সুপারভিশন কনসালট্যান্ট (এমডিএসসি) প্যাকেজের আওতায় একক উৎসভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের অনুমোদন দেওয়া হয়েছে। প্রকল্প সেবার জন্য পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে নিয়োগ পেয়েছে ফিখ্‌টনার জিএমবিএইচ অ্যান্ড কো. কেজি (জিইআর)। প্রতিষ্ঠানটির সঙ্গে ২০২৫ সালের সেপ্টেম্বর থেকে পরবর্তী ২৪ মাস সময়ের জন্য পরামর্শক সেবার নতুন চুক্তির অনুমোদন দেওয়া হয়েছে। এজন্য ব্যয় ধরা হয়েছে ৯৬ কোটি ৯৫ লাখ ৪০ হাজার ৮৫৫ টাকা। স্থানীয় সরকার বিভাগ প্রস্তাবটি নিয়ে আসে। বৈঠকে খাদ্য মন্ত্রণালয়ের আর এক প্রস্তাবের প্রেক্ষিতে খাদ্য অধিদপ্তর কর্তৃক উন্মুক্ত দরপত্রে ই-জিপি সিস্টেমে ৭৫টি প্যাকেজের মাধ্যমে ৩০ কেজি ধারণক্ষম নতুন ৩ কোটি পিস হেসিয়ান বস্তা কেনার অনুমোদন দেওয়া হয়েছে। এতে ব্যয় হবে ২১৫ কোটি ৬৪ লাখ ৮২ হাজার ১৬৪ টাকা। ৭৫টি প্যাকেজে ১৯টি দরদাতা প্রতিষ্ঠান থেকে এই হেসিয়ান বস্তা কেনা হবে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ২২ এপ্রিল ২০২৬ ॥ ০৯ বৈশাখ ১৪৩৩

ইরান যুদ্ধে যুক্তরাষ্ট্রের ব্যয় দিয়ে ৮ কোটি মানুষের জীবন বাঁচানো যেত

কীর্তনখোলা ডেস্ক
ইরান যুদ্ধকে ঘিরে যুক্তরাষ্ট্রের বিপুল ব্যয় নিয়ে তীব্র সমালোচনা করেছে জাতিসংঘ। সংস্থাটির মানবিক সহায়তা বিভাগের প্রধান টম ফ্লেচার বলেছেন, এই যুদ্ধে যুক্তরাষ্ট্র প্রতিদিন প্রায় ২০০ কোটি ডলার ব্যয় করা হচ্ছে, যা দিয়ে ৩ এর পাতায় দেখুন

ইসলামাবাদ পৌঁছেছে যুক্তরাষ্ট্র ও ইরানের অগ্রবর্তী দল

কীর্তনখোলা ডেস্ক
ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যকার আলোচনা নির্ধারিত শিডিউল অনুসারেই হবে; এমনটি জানিয়েছে পাকিস্তান সরকারের একটি সূত্র। এরই মধ্যে যুক্তরাষ্ট্র ও ইরানের আলোচক দলের অগ্রবর্তী সদস্যরা ইসলামাবাদ পৌঁছেছেন। সৌদি ৩ এর পাতায় দেখুন

বরগুনার যুবকের মরদেহ হস্তান্তর করেছে বিএসএফ

কীর্তনখোলা ডেস্ক
ভারতে কারাভোগের সময় অসুস্থ হয়ে মারা যাওয়া বাংলাদেশি যুবকের মরদেহ হস্তান্তর করেছে বিএসএফ। মঙ্গলবার (২১ এপ্রিল) দুপুর ১টার দিকে শেরপুরের নালিতাবাড়ী উপজেলার নাকুগাঁও স্থলবন্দর সীমান্ত দিয়ে মরদেহ হস্তান্তর করা হয়। ওই যুবকের নাম শিপন হাওলার (৩০)। তিনি বরগুনা সদর উপজেলার সবেজ হাওলাদারের ছেলে। পুলিশ ও বিজিবি সূত্র জানায়, ১৯ মাস আগে শিপন হাওলাদার ময়মনসিংহের হালুয়াঘাট সীমান্ত পথে ভারতের মেঘালয়ে প্রবেশ করে। সে সময় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর হাতে আটক হলে তাকে পুলিশে সোপর্দ করা হয়। পরে অনুপ্রবেশের দায়ে ভারতীয় আদালত শিপনকে কারাদণ্ড দিয়ে মেঘালয় রাজ্যের তুরা জেলা কারাগারে পাঠায়। ২৮ এপ্রিল শিপনের কারাভোগের মেয়াদ শেষ হওয়ার কথা ছিল। কিন্তু এর আগে ১৬ এপ্রিল বৃহস্পতিবার শিপন অসুস্থ হয়ে পড়লে সেখানে চিকিৎসাধীন অবস্থায় ৩ এর পাতায় দেখুন

নিরাপত্তাহীনতার অভিযোগে কর্মস্থল ছাড়লেন স্বাস্থ্য কর্মকর্তা

বরগুনা প্রতিনিধি
নিরাপত্তাহীনতার অভিযোগ তুলে বরগুনার পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. নীল রতন সরকার কর্মস্থল ত্যাগ করেছেন। নিজের জীবনের নিরাপত্তা হুমকির মুখে রয়েছে উল্লেখ করে তিনি বরগুনা সিভিল সার্জনের কাছে লিখিতভাবে বিষয়টি জানিয়েছেন বলে নিশ্চিত হওয়া গেছে। পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সূত্র জানায় ২১ এপ্রিল প্রেরিত ওই চিঠিতে তিনি তীব্র নিরাপত্তাহীনতার কারণে দায়িত্ব পালন করা ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে বলে উল্লেখ করেন। চিঠির অনুলিপি স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক, বরিশাল বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), জেলা প্রশাসক বরগুনা, পাথরঘাটা উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং পাথরঘাটা থানার অফিসার ইনচার্জসহ ৩ এর পাতায় দেখুন

সোয়া ৯টা বাজলেই এলজিইডি অফিসে তালা, ঢুকতে পারবেন না কর্মরতরা

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) কার্যালয়ে সময়মতো উপস্থিতি নিশ্চিত করতে কঠোর অবস্থানে গেছেন নির্বাহী প্রকৌশলী হোসেন আলী মীর। প্রতিদিন সকাল ৯টা ১৫ মিনিট বাজলেই অফিসের মূল ফটকসহ ভবনের সব দরজা তালাবদ্ধ করে দেওয়া হচ্ছে। সরেজমিনে দেখা গেছে, নির্ধারিত সময় পার হতেই প্রধান ফটকে তালা ঝুলিয়ে দেওয়া হয় এবং নিরাপত্তার দায়িত্বে থাকা আনসার সদস্য সেখানে অবস্থান নেন। সকাল ৯টা ১৫ মিনিটের মধ্যে যারা অফিসে ৩ এর পাতায় দেখুন

এমপি মাসুদ সাঈদীর চেষ্টায় নিখোঁজ প্রবাসীর সন্ধান

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুর-১ আসনের সংসদ সদস্য মাসুদ সাঈদীর চেষ্টায় প্রায় এক বছর ধরে নিখোঁজ থাকা পিরোজপুরের জিয়ানগর উপজেলার প্রবাসী জিয়াউল হকের সন্ধান মিলেছে সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ের একটি হাসপাতালে। গুরুতর অসুস্থ হয়ে বাকশক্তি হারানো এই প্রবাসীকে দেশে ফিরিয়ে আনতে আনুষ্ঠানিকভাবে সরকারি প্রক্রিয়া শুরু হয়েছে। পরিবার সূত্রে জানা যায়, প্রায় দুই বছর আগে দুবাইয়ে কর্মরত অবস্থায় অসুস্থ হয়ে পড়েন জিয়াউল ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে ডাকাতির প্রস্তুতির সময় গ্রেফতার ৭

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুর সদর উপজেলার উত্তর শংকরপাশা গ্রামে ডাকাতির প্রস্তুতিকালে সাত যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার (২০ এপ্রিল) ভোররাতে উপজেলার শংকরপাশা ইউনিয়ন পরিষদের সামনের খালের ওপর সেতু থেকে তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তাররা হলেন পিরোজপুরের জিয়ানগর উপজেলার শংকরপাশা গ্রামের মালেক মাতুব্বরের ছেলে শাহরিয়ার মাতুব্বর মুসা, সালেক আহমেদের ছেলে রমজান, রুস্তম মল্লিকের ছেলে মহিবুল্লাহ এবং আলম হোসেনের ছেলে রবিউল ইসলাম, পিরোজপুর সদর উপজেলার বাদোখালী গ্রামের হারেজ আলীর ছেলে মারুফ বিল্লাহ, নাসির খানের ছেলে ফেরদাউস ওরফে সজিব এবং মানিক মিয়ার ছেলে রিমন ওরফে ইমরান হোসেন। সদর থানার ওসি মো. মাহমুদ হাসান ৩ এর পাতায় দেখুন

অতিরিক্ত দামে তেল বিক্রি করায় ২ ব্যবসায়ীর জরিমানা

গলাচিপা প্রতিনিধি
পটুয়াখালীর গলাচিপায় চড়া মূল্যে জ্বালানি ও ভোজ্যতেল বিক্রয় করায় দুই ব্যবসায়ীর ৪৫ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছে পটুয়াখালী র‍্যাব ও জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। (মঙ্গলবার, ২১ এপ্রিল) জ্বালানি তেল ও ভোজ্যতেল সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে বিক্রয় নিশ্চিত করার লক্ষ্যে র‍্যাব-৮, সিপিসি-১, পটুয়াখালী ক্যাম্প জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, গলাচিপা থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করেন। পটুয়াখালী র‍্যাব-৮, সিপিসি-১, কোম্পানি অধিনায়ক স্কোয়াড্রন লিডার রাশেদ জানান, জ্বালানি তেল ও ভোজ্যতেলের কৃত্রিম সংকট রোধ ও নিরবচ্ছিন্ন সরবরাহ জারি রাখার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে জ্বালানি তেল ৩ এর পাতায় দেখুন

মদপানে বাধা দেয়ায় শ্রমিক দলের সাবেক নেতার নেতৃত্বে জেলেকে মারধর

কুয়াকাটা প্রতিনিধি
পটুয়াখালীর কুয়াকাটায় মধাপানে বাধা দেওয়ায় শ্রমিক দলের সাবেক নেতার নেতৃত্বে এক জেলেকে কুপিয়ে গুরুতর জখম করার অভিযোগ উঠেছে। ধুলাসার ইউনিয়নের চর ধুলাসার গ্রামে নিজ বাড়িতে এ সংবাদ সম্মেলন করে ভুক্তভোগী পরিবার। সংবাদ সম্মেলনে ভুক্তভোগী জেলে মিজান হাওলাদারের পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন তার চাচাতো ভাই রাজিব। তিনি অভিযোগ করেন, ১৪ এপ্রিল সকাল ১০টার দিকে মদ্যপানে বাধা দেওয়ার জেরে ধুলাসার ইউনিয়ন শ্রমিক দলের সাবেক সভাপতি আব্বাস গাজীর নেতৃত্বে ছিদ্দিক ও জাবেদ গাজীসহ ২০-৩০ জনের একটি দল দেশীয় অস্ত্র নিয়ে তাদের বাড়িতে অতর্কিত হামলা চালায়। লিখিত বক্তব্যে আরো বলা হয়, হামলাকারীরা বাড়ির উঠানে থাকা মিজান ৩ এর পাতায় দেখুন

এসএসসি ও সমমান পরীক্ষা
ভাণ্ডারিয়ায় ৬টি কেন্দ্রে অনুপস্থিত ৮৩জন

ভাণ্ডারিয়া প্রতিনিধি
সারা দেশের ন্যায় পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল মঙ্গলবার এসএসসি ও দাখিল সমাপনী পরীক্ষা-২০২৬ সৃষ্ঠ ও শান্তিপূর্ণ পরিবেশে প্রথম দিনের পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায় ৬টি কেন্দ্রে মোট পরীক্ষার্থী ছিল ২হাজার ৩৪জন। এর মধ্যে এসএসসির ৩টি কেন্দ্রে পরীক্ষায় ১হাজার ২৪০জনের মধ্যে উপস্থিত ছিল ১হাজার ২২৫জন অনুপস্থিত ১৫জন এবং দাখিলে প্রথম দিন পরীক্ষায় ৩টি কেন্দ্রে ৭২৭জনের মধ্যে উপস্থিত ছিল ৬৭৯জন অনুপস্থিত ছিল ৬৬জন এবং এসএসসি ভোকেশনালে ৩ এর পাতায় দেখুন

গত বছর প্রায় ৮ হাজার অভিবাসনপ্রত্যাশীর মৃত্যু বা নিখোঁজ

কীর্তনখোলা ডেস্ক
২০২৫ সালে বিশ্বজুড়ে অভিবাসন রুটে প্রায় ৭ হাজার ৯০০ মানুষ মারা গেছেন বা নিখোঁজ হয়েছেন বলে জানিয়েছে জাতিসংঘের অভিবাসন সংস্থা। মঙ্গলবার (২১ এপ্রিল) সংস্থাটি আরও জানায়, ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম)-এর 'মিসিং মাইগ্রান্টস প্রজেক্ট' ২০১৪ সাল থেকে এখন পর্যন্ত ৮০ হাজারেরও বেশি মৃত্যু ও নিখোঁজ হওয়ার ঘটনা নথিভুক্ত করেছে। তাছাড়া সমুদ্রপথে পালানোর সময় ২০২৫ সালে প্রায় ৯০০ রোহিঙ্গা শরণার্থীর মৃত্যু বা নিখোঁজ হয়েছেন বলে জানিয়েছে জাতিসংঘ। শুক্রবার (১৭ এপ্রিল) এক বিবৃতিতে সংস্থাটি জানায়, এটি রোহিঙ্গাদের জন্য সমুদ্রপথে পালানোর ক্ষেত্রে এখন পর্যন্ত সবচেয়ে প্রাণঘাতী বছর। ইউএনএইচসিআরের মুখপাত্র জেনেভায় এক সংবাদ সম্মেলনে বলেন ৩ এর পাতায় দেখুন

ভোলায় ৭৩টি খাল পুনঃখননের প্রস্তাব সেঁচ সুবিধায় উৎপাদন বাড়বে কয়েকগুণ

ভোলা প্রতিনিধি
ভোলা সদর উপজেলায় দীর্ঘদিন ধরে খাল খনন ও সংস্কারের অভাবে পানি প্রবাহ ব্যাহত হওয়ায় বর্ষায় জলাবদ্ধতা এবং শুষ্ক মৌসূমে তীব্র সেচ সংকট দেখা দিয়েছে। এই পরিস্থিতি মোকাবিলায় উপজেলার ৭৩টি খাল খনন, পুনঃখনন ও সংস্কারের প্রস্তাব দিয়েছে উপজেলা কৃষি বিভাগ। প্রস্তাবনা কার্যকর হলে ফসলের উৎপাদন বাড়বে কয়েকগুণ। কৃষি বিভাগ ভোলা পৌরসভাসহ রাজাপুর, ইলিশা, পশ্চিম ইলিশা, বাপ্তা, ধনিয়া, শিবপুর, আলীনগর, চরসামাইয়া, ভেলুমিয়া ও সংলগ্ন চরাঞ্চলের খালগুলো চিহ্নিত করে সংশ্লিষ্ট দপ্তরে একটি প্রতিবেদন পাঠিয়েছে। প্রস্তাবিত কাজের আওতায় মোট ১৩ হাজার ৮৫০ মিটার খাল পুন:খননের পরিকল্পনা রয়েছে। প্রতিবেদন অনুযায়ী, খালগুলোকে অতি জরুরি, জরুরি ও কম জরুরি-এই তিন শ্রেণিতে ভাগ করা হয়েছে। এর মধ্যে ২০টি খালকে অতি জরুরি হিসেবে চিহ্নিত করা হয়েছে, যেখানে দ্রুত কাজ ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে ৮৯০ লিটার ডিজেল জব্দ, ৩ ব্যবসায়ীকে জরিমানা

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালীতে লাইসেন্স ও ক্রয়ের রশিদ ব্যতিরেকে জ্বালানি বিক্রির অপরাধে দুই ব্যবসায়ী এবং নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মুল্যে বিক্রয়ের অপরাধে এক ব্যবসায়ীকে ৫ হাজার টাকা করে ১৫ হাজার টাকা জরিমানা করেছে। এ সময় ৮৯০ লিটার ডিজেল জব্দ করেছে ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার (২১ এপ্রিল) দুপুরে কাউখালী উপজেলা উত্তর বাজারে কাউখালী উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আসাদুজ্জামান ও র‍্যাব -৮ সিপিএসসি কোম্পানি কমান্ডার এএসপি কামরুজ্জামান এর নেতৃত্বে অভিযান পরিচালনা করা হয়। অভিযান পরিচালনাকালে কাউখালী উত্তর বাজারের ব্যবসায়ী আনসার তালুকদার এবং তপন কুন্ডুকে লাইসেন্স ও ক্রয়ের রশিদ না থাকার অপরাধে ৩ এর পাতায় দেখুন

জরুরিভাবে ১৬৯৮ কোটি টাকায় দেড় লাখ টন ডিজেল-অকটেন কিনছে সরকার

কীর্তনখোলা ডেস্ক
ইরান এবং মার্কিন যুক্তরাষ্ট্র-ইসরায়েল যুদ্ধের পরিপ্রেক্ষিতে উদ্ভূত অস্থিতিশীল ভূরাজনৈতিক প্রেক্ষাপটে দেশে জরুরি জ্বালানি চাহিদা পূরণের জন্য ১ হাজার ৬৯৮ কোটি ২১ লাখ ৪০ হাজার টাকার জ্বালানি তেল কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এর মধ্যে ১ লাখ ৫০ হাজার মেট্রিক টন ডিজেল এবং ২৫ হাজার মেট্রিক অকটেন রয়েছে। মঙ্গলবার (২১ এপ্রিল) সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এই জ্বালানি তেল কেনার অনুমোদন দেওয়া হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে এই তেল কেনার প্রস্তাব ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে সূর্যমুখী চাষে সম্ভাবনা, বাজারমূল্য ২০ কোটি

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুর সদর উপজেলার কলাখালী ইউনিয়নের কৈবর্তখালী গ্রাম এখন সূর্যমুখীর হাসিতে ভরপুর। যেখানে একসময় ছিল শুধু ধান ক্ষেত; সেখানে আজ জন্ম নিয়েছে কৃষকের নতুন সম্ভাবনা। হলুদের সমারোহে সাজানো এ মাঠ যেন প্রকৃতির অনন্য ক্যানভাস। সূর্যমুখী চাষে কৃষকের নতুন সম্ভাবনার দুয়ার খুলে যাওয়ার পাশাপাশি গ্রামটির সৌন্দর্যও বৃদ্ধি পেয়েছে। স্থানীয় এবং জেলার বিভিন্ন এলাকা থেকে অসংখ্য দর্শনার্থী ভিড় করেন সূর্যমুখীর এই মাঠে। জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্যমতে, চলতি মৌসুমে জেলার ৭ উপজেলায় প্রায় ৯৮৪ হেক্টর জমিতে সূর্যমুখী আবাদ হয়েছে। এবার বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৩ এর পাতায় দেখুন

হজযাত্রীদের বহনে ৩১ লাখ আসন ও ১২ হাজার ফ্লাইটের ব্যবস্থা সৌদির

কীর্তনখোলা ডেস্ক
হজ মৌসুমকে সামনে রেখে আকাশ, রেল, সড়ক ও সমুদ্রপথ মিলিয়ে এক বিশাল পরিবহন পরিকল্পনা গ্রহণ করেছে সৌদি আরব। বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে আসা লাখ লাখ হাজির নিরাপদ ও নির্বিঘ্ন যাতায়াত নিশ্চিত করতে দেশটির পরিবহন ও লজিস্টিক সিস্টেমকে সর্বোচ্চ সতর্ক অবস্থায় রাখা হয়েছে। সৌদি পরিবহন ও লজিস্টিক মন্ত্রণালয়ের বরাত দিয়ে সংবাদমাধ্যম গালফ নিউজ জানায়, এবারের হজে হাজিদের জন্য বিমানগুলোতে মোট ৩১ লাখের বেশি আসন বরাদ্দ করা হয়েছে। এই বিশাল সংখ্যক যাত্রী পরিবহনে ১২ হাজারেরও বেশি নিয়মিত ও চার্টার্ড ফ্লাইট কাজ করবে। যাত্রীদের সেবা ও নিরাপত্তা নিশ্চিতে নির্ধারিত ছয়টি প্রধান বিমানবন্দরে ৩ এর পাতায় দেখুন

দৌলতখানে নৌকা থেকে ৪ হাজার লিটার তেল জব্দ

দৌলতখানে প্রতিনিধি
ভোলার দৌলতখানে অবৈধভাবে মজুত করা ৪ হাজার ২০০ লিটার জ্বালানি তেল জব্দ করেছে কোস্ট গার্ড। মঙ্গলবার (২১ এপ্রিল) সকালে কোস্ট গার্ড ভোলা দক্ষিণ জোনের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এ তথ্য জানান। তিনি জানান, দৌলতখান উপজেলার চৌকিঘাট সংলগ্ন এলাকায় মেঘনা নদীতে সোমবার (২০ এপ্রিল) রাত ৮টায় কোস্ট গার্ড বেইস ভোলা গোপন সংবাদের ভিত্তিতে একটি বিশেষ অভিযান পরিচালনা করে। অভিযান চলাকালে ওই এলাকা থেকে ৩ এর পাতায় দেখুন

এক রাতে ৭ জনকে গলা কেটে হত্যা

কীর্তনখোলা ডেস্ক
নওগাঁ ও কক্সবাজারে সাতজনকে গলা কেটে হত্যা করেছে দুর্বৃত্তরা। সোমবার (২০ এপ্রিল) রাতে নিয়ামতপুর উপজেলায় চারজন ও টেকনাফে তিনজনকে হত্যা করা হয়। নওগাঁ : জেলার নিয়ামতপুর উপজেলার বাহাদুরপুর ইউনিয়নের বাহাদুরপুর গ্রামে রাতে একই পরিবারের স্বামী, স্ত্রী ও দুই সন্তানকে গলা কেটে হত্যা করা হয়। নিহতরা হলেন বাহাদুরপুর গ্রামের হাবিবুর রহমান (৩৫), তার স্ত্রী পপি খাতুন (৩০) এবং তাদের ছেলে পারভেজ হোসেন (১০) ৩ এর পাতায় দেখুন

নলছিটিতে দুই মাস ধরে ইউএনও নেই, সেবায় ভোগান্তি

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠির নলছিটিতে প্রায় দুই মাস ধরে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) না থাকায় বিভিন্ন সেবা পেতে ভোগান্তিতে পড়তে হচ্ছে বলে জানিয়েছেন স্থানীয়রা। জেলা প্রশাসক মমিন উদ্দিন বলেন, প্রশাসনিক কাজ চালিয়ে নিতে আপাতত অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে। স্থায়ী ইউএনও নিয়োগের প্রক্রিয়া চলছে এবং দ্রুত সমস্যার সমাধান হবে বলে তিনি আশা প্রকাশ করেন। পৌরসভার বাসিন্দা রাকিব হোসেন বলেন, তিনি রোববার জমির সমস্যার জন্য ইউএনওর খোঁজ নিতে অফিসে যান। তখন এক ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com